প্রাথমিক শিক্ষায় ডিপ্লোমা
(ডি. এল. এড্)

কোর্স - 508

প্রাথমিক স্তরে কলা, স্বাস্থ্য, শারীরশিক্ষা ও কর্মশিক্ষার শিখন

ব্লক - 3

কর্মশিক্ষা

রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয়ী শিক্ষা সংস্থান

A-24/25 প্রতিষ্ঠানিক এলাকা, সেকটর-62, নয়ডা

গৌতম বুদ্ধ নগর, ইউ পি-201309

ওয়েব সাইট : www.nios.ac.in

শিক্ষার্থী সহায়ক কেন্দ্র টোল ফ্রি নম্বর : 1800 180 9393

ই-মেল : lsc@nios.ac.in

কোর্স - 508

প্রাথমিক স্তরে কলা স্বাস্থ্য এবং শারীরিক শিক্ষা তথা কর্মশিক্ষার শিখন পাঠ্যক্রমের ধারণার চিত্রপট



ব্লক - 3

কর্মশিক্ষা

ব্লক এককসমূহ

একক 12   কর্মশিক্ষার ধারণা

একক 13   কর্মশিক্ষার প্রয়োগ (তাত্ত্বিক এবং বাস্তব দৃষ্টিভঙ্গি)

একক 14   কর্মশিক্ষায় দক্ষতার বিকাশ (ব্যবহারিক কাজ)

একক 15   বিদ্যালয় এবং সম্প্রদায়ের মধ্যে কর্মশিক্ষা

একক 16   কর্মশিক্ষায় মূল্যায়ন

বিষয়সূচী

ক্রমিক সংখ্যা	এককের নাম	পৃষ্ঠা সংখ্যা
1	একক-12 : *কর্মশিক্ষার ধারণা*	2
2	একক-13 : *কর্মশিক্ষার প্রয়োগ (তাত্ত্বিক এবং বাস্তব দৃষ্টিভঙ্গি)*	14
3	একক-14 : *কর্মশিক্ষায় দক্ষতার বিকাশ (ব্যবহারিক কাজ)*	41
4	একক-15 : *বিদ্যালয় এবং সম্প্রদায়ের মধ্যে কর্মশিক্ষা*	53
5	একক-16 : *কর্মশিক্ষায় মূল্যায়ন*	61

একক 12 : কর্মশিক্ষার ধারণা

গঠন

12.0 – সূচনা

12.1 – শিক্ষার উদ্দেশ্য

12.2 – 'কর্ম' এর অর্থ

- 12.2.1 – কর্ম এবং শ্রমের তাৎপর্য
- 12.2.2 – কর্ম ও জীবিকা
- 12.2.3 – কর্ম এবং সুখ এবং সন্তোষ

12.3 – শিক্ষায় কর্ম

- 12.3.1 – কর্মশিক্ষার ধারণা এবং অর্থ
- 12.3.2 – কর্মশিক্ষার গুরুত্ব

12.4 – সংকলন করা যাক

12.5 – প্রস্তাবিত পাঠ এবং রেফারেন্স (নির্দেশ)

12.6 – একক-অন্তে অনুশীলনী

12.0 সূচনা

"আমি কখনো স্বাক্ষরতা পুজার প্রশংসা করি না।" আমার অভিজ্ঞতা প্রমাণ করেছে যে, কেবলমাত্র স্বাক্ষরতা একজন ব্যক্তির ব্যক্তিত্বকে উন্নত করতে পারে না। শিক্ষার সাথে কর্মকে সংযুক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার মতে শিশুদের শ্রমের মর্যাদা সম্বন্ধে শিক্ষা দেওয়া উচিত। আমি বিশ্বাস করি শরীরের বিভিন্ন অংশ যেমন হাত, পা, চোখ, কান এবং নাকের যথাযথ ব্যবহারের দ্বারা সত্যিকারের মনের শিক্ষা সম্ভব। অন্যকথায়, বুদ্ধিমত্তার সঙ্গে ইন্দ্রিয়গুলির ব্যবহার শিশুর বুদ্ধির বিকাশ করার জন্য সবচেয়ে ভাল এবং সংক্ষিপ্ত উপায় প্রদান করে।

হয়তো আপনারা এই উক্তিটির সঙ্গে অবশ্যই পরিচিত—"সূর্যোদয়ের সাথে সাথে সমস্ত জগৎ সক্রিয় হয়ে ওঠে।" যদিও আমরা উপরের উক্তিটি বর্তমান দৃশ্যকল্পে বলি—দিন অথবা রাত্রি জগৎ সর্বদা সক্রিয়।

উভয় উক্তিতে 'সক্রিয়' কথাটিকে কিভাবে বুঝবেন? নিঃসন্দেহে আপনি বুঝবেন কোন কার্যকলাপে ব্যস্ত থাকার এর অর্থ হল সক্রিয় থাকা। সমস্ত প্রাণীর ক্ষেত্রে তা মানুষ হোক বা জন্তু

হোক কাজ করার ক্ষেত্রে শারীরিক শ্রম একটি গুরুত্বপূর্ণ কর্মকান্ড। দৈনন্দিন জীবনে আপনি অবশ্যই লক্ষ্য করে থাকবেন লোকেরা তাদের পরিবেশে বিভিন্ন ধরনের কাজ করে এবং অবশ্য তারা নিজেদের বিভিন্ন কাজে ব্যস্ত রাখে। 'কর্ম' এর অর্থ কি? কেন কর্ম জীবনের একটি গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি? এইসব প্রশ্নের উত্তর বর্তমান এককের মধ্যে দিয়ে খোঁজা যাক।

এই এককের মধ্যে দিয়ে মানবজীবনের প্রেক্ষিতে আমরা কর্মের অর্থ জানব। শারীরিক পরিশ্রমের সঙ্গে সম্পর্কিত কর্মধারা কেমন করে শিক্ষামূলক ধারণাগুলিকে ব্যাখ্যা করতে সাহায্য করে। এই এককটি কর্ম এবং শিক্ষার সম্পর্ককে উদাহরণসহ ব্যাখ্যা করে। কর্ম শিক্ষাকে কিভাবে ব্যাখ্যা করা যায়। এই এককটি বিভিন্ন ক্ষেত্রে কর্মশিক্ষার উদ্দেশ্য, গুরুত্ব এবং বোধশক্তিকে ব্যাখ্যা করে।

12.1 শিক্ষার উদ্দেশ্য

এই একটির মধ্যে দিয়ে আপনি সমর্থ হবেন—

- শিক্ষার প্রেক্ষিতে কর্মের ধারণা সম্বন্ধে বোঝার উন্নতি ঘটবে।
- শ্রমের মর্যাদার সঙ্গে পরিচিতি ঘটবে।
- কর্ম এবং জীবিকার মধ্যে সম্পর্ক, সুখ এবং সন্তোষ ব্যাখ্যা করবে।
- কর্মশিক্ষার প্রয়োজন, অর্থ এবং গুরুত্বকে চিহ্নিত করবে।
- কর্মশিক্ষার দার্শনিক, সামাজিক এবং ঐতিহাসিক প্রেক্ষাপট বোঝার উন্নতি ঘটবে।
- বর্তমান কর্মশিক্ষার গঠন এবং মিথ এর সঙ্গে তার সম্পর্ক সম্বন্ধে সমালোচনামূলক মনোভাবের উন্নতি ঘটবে।

12.2 কাজের অর্থ

সকাল থেকে সন্ধ্যা এমনকি কোন কোন সময় রাত্রি পর্যন্ত আপনি নিজেকে বিভিন্ন কর্মধারায় ব্যস্ত রাখেন। আপনি লক্ষ্য করবেন যে কোন কোন কাজে আপনার মস্তিষ্ক সক্রিয় হয়ে ওঠে বিভিন্ন অনুভূতির মাধ্যমে এবং আপনার শরীরের কোন কোন অংশ অধিকতর সক্রিয় হয়। যখন আপনার মন অধিকতর সক্রিয় হয় তখন আপনি তাকে শারীরিক কাজ হিসাবে গণ্য করেন। উভয় কাজ আপনার জীবনের আবশ্যিক অংশ। কারণ শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের মাধ্যমে জীবনের প্রয়োজনগুলিকে পূরণ করার জন্য কাজ আবশ্যক। হয়তো আপনি প্রশ্ন করবেন যে মন এবং শরীরের অংশগুলি আলাদাভাবে কাজ করে কিনা? আপনি নিজে নিজেকে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করে দেখবেন যখন আপনি আপনার বাগানের আগাছাগুলিকে উপড়ে ফেলছেন তখন

নোট

আপনার শরীরের অংশগুলি না অনুভূতিসহ আপনার মন কোনটি সক্রিয়। আপনার মনের সংকেত অনুযায়ী আপনার উত্তর হবে যে উভয়ই সক্রিয়, যদিও হাতগুলি বেশী সক্রিয়। সন্দেহাতীত ভাবে আপনি উত্তর পেলেন যে, শারীরিক এবং মানসিক কাজ পৃথকভাবে দেখা যেতে পারে। শারীরিক কাজে শরীরের প্রত্যঙ্গগুলির শ্রম অধিক, অপরপক্ষে মানসিক শ্রম অধিক হয় মানসিক কাজে।

সাধারণভাবে কাজকে একটি কর্মশীলতা বলে গণ্য করা হয়, যাতে অধিক শারীরিক শ্রমের প্রয়োজন। নিজের অথবা সমাজের প্রয়োজনে যে কোন উৎপাদনের জন্য নিয়োজিত শারীরিক শ্রমকে কাজ হিসাবে বিবেচনা করা হয়। আমাদের কিছু কাজকর্ম শ্রমের সঙ্গে সম্পর্কিত। এই শ্রম আবার আমাদের প্রয়োজন মেটানোর সঙ্গে সম্পর্কিত। অন্য কাজকর্মগুলি আমাদের শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের সঙ্গে সম্পর্কিত। কিছু কাজকর্ম আমাদের সামাজিক অর্থনৈতিক জীবনের প্রশাসন এবং সংগঠনের সঙ্গে সম্পর্কিত এবং পরিশেষে তা মানব কল্যানের সঙ্গে সম্পর্কিত। এইভাবে কাজের অর্থ হল শারীরিক শ্রমের সঙ্গে সম্পর্কিত কর্মধারা যা নিজের, সমাজের এবং অন্য মানুষের প্রতি আমাদের দায়িত্ব পালন করে।

12.2.1 কর্ম/কাজ এবং শ্রমের গুরুত্ব :

আপনি কি জানেন সমস্ত বড় আবিষ্কারগুলি কিভাবে ঘটেছে? অবশ্য আপনাদের কেউ কেউ বলতে পারেন যে, সমস্ত বড় আবিষ্কারগুলি গভীর চিন্তার ফল। যদি আপনি আবিষ্কারের উন্নতির পর্যায়গুলি লক্ষ্য করেন, আপনি দেখতে পারেন যে শারীরিক শ্রম মানসিক শ্রমের অনেক পূর্ব থেকে ঐ আবিষ্কারের সঙ্গে সম্পর্কিত হয়ে আছে। Dulley-এর নীতির প্রবক্তা অবশ্যই কুয়ো থেকে জল তুলেছিলেন অথবা ভার উত্তোলন করেছিলেন। একইভাবে লিভারের নীতি অবশ্যই একজন ব্যক্তির শারীরিক শ্রমের ফল। এই ব্যক্তি অবশ্যই ভারী ওজন তুলতে বা অন্য কোন শারীরিক শ্রম করার জন্য অনেকটা সময় ব্যয় করেছিলেন। হাতপাম্প অবশ্যই একজন শ্রমিকের অভিজ্ঞতার ফসল। শ্রমের গুরুত্ব বিবেচনার জন্য এটি একটি অন্যতম দৃষ্টিকোণ। অন্য দৃষ্টিকোণগুলি বোঝার জন্য আপনার দৈনন্দিন রুটিনগুলি পর্যালোচনা করুন এবং নিজেকে এই ধরনের কিছু প্রশ্ন করুন :

- আপনি যে বাড়িতে থাকেন, তাতে কার শ্রম যুক্ত হয়েছে, ইঁট, সিমেন্ট তৈরীতে সেগুলিকে গাড়িতে তুলতে, দেওয়াল তৈরীতে, ছাদের সিঁড়ির জন্য এবং চুনকাম করা কারা করেছে।
- আমাদের খাদ্যের জন্য শাকসব্জী উৎপাদন করে আমাদের কাছে নিয়ে আসতে কার শ্রম যুক্ত হয়েছে।
- সাধারন জায়গা এবং আমাদের বাড়ির পরিচ্ছন্নতা বজায় রাখতে কে পরিশ্রম করছে?

নোট

বিভিন্ন দিকে, তা একজন ব্যক্তির পারিবারিক জীবনের ক্ষেত্রে, সামাজিক ক্ষেত্রে অথবা বাস্তব জীবনের ক্ষেত্রগুলির ক্ষেত্র হোক, তা শারীরিক শ্রমের সীমানাভুক্ত। আপনি লক্ষ্য করে থাকবেন আমাদের দৈনন্দিন রুটিনের অনেক মুহূর্তকে শারীরিক শ্রম থেকে আলাদা রাখতে পারি না। এইভাবে মানবজীবন শারীরিক শ্রমের উপর নির্ভরশীল। যে সমস্ত ব্যক্তি সরাসরিভাবে শারীরিক শ্রমের সঙ্গে যুক্ত নন, তাঁরাও শ্রম ছাড়া বাঁচতে পারেন না। তাঁদের বাড়ি, তাঁদের খাদ্যব্যবস্থা, তাঁদের পরিধেয়, তাঁদের ব্যবহার্য জিনিসপত্রাদি এবং তাঁদের চলার রাস্তা সবই কারো না কারো শারীরিক শ্রমের ফল। এর অর্থ হল কাজ এবং মানব জীবন দুটি পৃথক জিনিস হিসাবে দেখা যেতে পারে না। শারীরিক শ্রম মানব জীবনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিছু লোকের জন্য এটি জীবিকা অর্জনের একটি উপায়। আবার, কারোর জন্য এটি শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের মাধ্যম।

12.2.2 কর্ম এবং জীবিকা :

কর্ম এবং জীবিকার সম্পর্ক খুব ঘনিষ্ঠ। এই সম্পর্ক বোঝার পূর্বে জীবিকার সংজ্ঞা নির্ধারণ করা অতি আবশ্যক। জীবিকার সংজ্ঞা কিভাবে আপনি দেবেন? একজন কর্মকার সারাদিন কঠোর পরিশ্রম করে কোদাল/কুঠার তৈরী করে, এবং অর্থের বিনিময়ে সেগুলিকে বিক্রয় করে। (পরম্পরায় বিনিময় প্রথার মাধ্যমে যে শস্য এবং অপর প্রয়োজনীয় জিনিস পেত।) একজন কৃষক কঠোর প্রচেষ্টায় শস্য উৎপাদন করে। শস্যের কিছু অংশ সে তার পরিবারের জন্য রেখে বাকিটা বিক্রি করে দেয়। শিল্পী বাঁশ দিয়ে সুন্দর এবং প্রয়োজনীয় জিনিস তৈরী করে এবং সেগুলিকে বিক্রি করে নিজেদের প্রয়োজনীয় অর্থের জন্য। রিক্সাওয়ালা গ্রীষ্ম, শীত এবং বর্ষায় যাত্রীদের তাদের গন্তব্য স্থলে নিয়ে যায় এবং বিনিময়ে টাকা পায় যা দিয়ে সে তার খাদ্যদ্রব্য ও অন্যান্য জিনিসপত্র কেনে। এই সমস্ত, উদাহরণ কি নির্দেশ করে? হ্যাঁ, আপনি ঠিকই ধরেছেন খাদ্য অর্জনের উদ্দেশ্যে শারীরিক শ্রমে ব্যস্ত থাকার সমার্থক কাজ হল জীবিকা।

ভারতবর্ষের জনসংখ্যার বেশির ভাগ শারীরিক শ্রমকে প্রয়োজনীয় উপায় হিসাবে নিয়ে কাজ করছে। অর্থের আশায় শ্রমদান জীবিকার সঙ্গে সম্পর্ক যুক্ত। এই শ্রমের কেবলমাত্র আর্থিকমূল্য ছাড়া ও সামাজিক মূল্য আছে। এই ঘটনা ব্যাখ্যা করার জন্য আপনি কি কোন উদাহরণ দিতে পারেন? ধরা যাক আপনি একজন কাঠের মিস্ত্রী। একদিকে এই শ্রম দিয়ে, আর্থিক প্রয়োজন মেটানোর জন্য আপনি অর্থ পাচ্ছেন—এটাই হল শ্রমের আর্থিক মূল্য। অপরপক্ষে, অন্য লোকেরা তাদের প্রয়োজন মেটাচ্ছে আপনার শ্রম দিয়ে, তৈরী জিনিসপত্র দিয়ে, উদাহরণস্বরূপ দরজা, কাঠের আসবাবপত্র, ঘোরানো ছড়ি, বাসনপত্র ইত্যাদি। এটাই হল আপনার শ্রমের সামাজিক মূল্য। এর অর্থ আপনি কেবল আপনার দায়িত্ব পালন করছেন না, সমাজের প্রতি দায়িত্বশীল হয়ে সামাজিক জীবনে কিছু অবদান রাখছেন। শ্রম দিয়ে দ্রব্যাদি উৎপাদন মানব জীবনকে সমৃদ্ধ করে। আরও একটি গুরুত্বপূর্ণ জিনিস এই যে, রান্না করা, বাসন

পরিষ্কার করা, কাপড় কাচা—এ সবের সঙ্গে শ্রম যুক্ত থাকে। সরাসরি কোন ব্যক্তি এ সবের জন্য কোন মূল্য পায় না, কিন্তু এটা পরিবারের সদস্যদের সুবিধা দান করে এবং তাঁরা জীবিকা অর্জনের শক্তি পায়।

12.2.3 কর্ম, সুখ এবং সন্তোষ :

আমাদের দেশের আর্থ-সামাজিক পরিস্থিতি আপনার ভালো জানা আছে। জনসংখ্যার বেশিরভাগ জীবিকা অর্জনের জন্য শ্রমের সঙ্গে সম্পর্কযুক্ত। তাঁরা কি তাঁদের কার্য সম্পাদন করে শুধুমাত্র অর্থের জন্য আর এর মধ্যে তাঁরা কোন সুখ অনুভব করেন? কুম্ভকার মাটির বাসনপত্র তৈরী করে। সেগুলির উপর নানারকম নকশা খোদাই করে। সে কি কেবলমাত্র অর্থ পাওয়ার জন্য এই কাজ করে? সম্ভবত এই কাজের মধ্যে দিয়ে সে আনন্দ পায়। কৃষক তার ফসলের অধিক উৎপাদনের জন্য সন্তুষ্ট হয় কারণ সে তার ফসলের ভালো মূল্য পাবে—অথবা তার শ্রমের ফলের জন্য উৎসাহিত হয় এবং সন্তুষ্ট হয় এই জন্য যে তার ফসল অনেক মানুষের ক্ষুন্নিবৃত্তি করবে। আর এটাই হল তার শ্রমের ফল। এর অর্থ শারীরিক শ্রম আনন্দ এবং সন্তোষের সঙ্গে সম্পর্ক যুক্ত। শারীরিক শ্রম সুখ, সন্তোষ এবং আনন্দের নূতন দিগন্তের উন্মোচন করে। আর এই সন্তোষ সমস্ত জীবের এবং সমস্ত বয়সের মানুষের মধ্যে থাকে।

সূর্যোদয়ের সময় খাবারের জন্য পাখিদের ওড়া, কিছু অস্বাভাবিক পরিস্থিতিতে সতর্ক হয়ে কুকুরদের ডাকা, কিছু জন্তুদের শিকার ধরার জন্য যাতায়াত—এসব কিছু তারা তাদের সন্তোষের জন্য করে। ছোট শিশু যাদের ছোট এবং বড় পেশীগুলি ঠিক ঠিক মজবুত হয়নি তারাও জিনিসপত্র ছোঁড়ে এবং আনন্দ পায়। ঠিক একইভাবে শারীরিক ক্ষমতা হারানো বৃদ্ধ মানুষেরা তাঁদের বাড়িতে আগন্তুকদের উপর লক্ষ্য রাখে, সবজি কাটেন। তাঁরা এইসব কাজ করেন তাঁদের দায়িত্ব পালনের জন্য এই কাজ করে তাঁরা আনন্দ লাভ করেন। এই ধরনের অনেক প্রশ্ন আপনার মনে উদয় হচ্ছে, আপনি অবশ্যই একটি উত্তর পাচ্ছেন যে জীবিকা উপার্জনের জন্য অথবা দায়িত্ব পালনের জন্য কেবলমাত্র শারীরিক শ্রম করা হয় না। অনেক সময় বক্তিগত লাভ ছাড়া আপনি কোন কাজ করে থাকেন। এইসব কাজ করেন সুন্দর শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের জন্য। পক্ষান্তরে যা আনন্দ এবং সন্তোষে পরিণত হয়। শ্রম এবং সন্তোষ সম্বন্ধে আপনার বোধগম্যতা বাড়ানোর জন্য ব্যক্তিগত প্রতিষ্ঠান পরিচালিত একটি বিদ্যালয়ের উদাহরণ দেওয়া হল।

জাতীয় রাজধানী অঞ্চলে (NCR) ব্যক্তিগত প্রতিষ্ঠান পরিচালিত একটি বিদ্যালয় আছে। একে বলা হয় পাবলিক স্কুল। এই স্কুলে আগত শিশুদের অধিকাংশ ধনী পরিবারের। এরা দৈনন্দিন জীবনে শারীরিক শ্রম করার সুযোগ পায় না। এই স্কুলের অষ্টম শ্রেণীর ছাত্ররা স্কুলের বাহিরে স্তুপীকৃত ইটগুলি সরানোর জন্য শ্রমিকদের মতো গাড়িতে বোঝাই করে। তাদের

নোট

পিতামাতাদের অনেকের সন্দেহ ছিল যে, তাঁদের সন্তানরা অসুস্থ অথবা সংক্রামিত হয়ে পড়বে। কারণ তাঁদের সন্তানদের শারীরিক শ্রম করানো হয়েছিল। কিন্তু শিশুরা বলেছিল যে, ইটগুলি বোঝাই করার পরে তারা মনে এবং শরীরে খুব হালকা বোধ করছিল। অন্য দিনের তুলনায় তারা বেশী ক্লান্ত ছিল বটে, কিন্তু তারা একধরনের সন্তোষ লাভ করেছিল।

আপনার উত্তরে আপনার বোধগম্য সুপ্ত যে, কর্ম, সুখ এবং সন্তোষ অত্যন্ত ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত।

তোমার উন্নতির পরীক্ষা—1

1. আপনার দৈনন্দিন জীবনে শারীরিক পরিশ্রমযুক্ত পাঁচটি কাজের তালিকা প্রস্তুত করুন।

2. শারীরিক শ্রমের তাৎপর্য বোঝাতে যে কোন দুটি পয়েন্ট সুপারিশ করুন।

3. কিভাবে কর্ম সুখ ও সন্তোষের সঙ্গে সম্পর্কযুক্ত?

নোট

শূন্যস্থান পূরণ করুন :

1. শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য শারীরিক __________।

2. কর্মের অর্থ সমস্ত কর্মধারার সঙ্গে সম্পর্কযুক্ত __________ যা ব্যক্তির প্রতি এবং সমাজের প্রতি দায়িত্ব পালন করে।

3. __________ অভিজ্ঞতাগুলি বৈজ্ঞানিক নীতি ব্যক্ত করতে সাহায্য করে।

12.3 শিক্ষায় কর্ম :

আমাদের শিক্ষা পদ্ধতিতে সম্পূর্ণ পরিবর্তন আনতে হবে। মস্তিষ্ককে হাত দিয়ে শিক্ষিত করে তুলতে হবে। যদি আমি কবি হতাম তাহলে পাঁচটিই আঙুলের সম্ভাবনা নিয়ে একটি কবিতা লিখতাম। আপনারা কেন মনে করেন যে মস্তিষ্ক সব, প্রত্যঙ্গ কিছু না? যে সমস্ত মানুষ তাদের জাতকে শিক্ষিত করে না, কিন্তু সাধারন শিক্ষা পায়, তারা জীবনের সংগীতকে লাভ করে না। তাদের দেহের প্রত্যেক অংশ প্রশিক্ষিত নয়, কেবলমাত্র পুঁথিগত জ্ঞান তাদের কৌতূহল জাগ্রত করতে পারে না যাতে সে এর উপর সম্পূর্ণরূপে মনসংযোগ করতে পারে। কথার দ্বারা শিক্ষা দেওয়া শিক্ষা ক্লান্তি আনে এবং শিশুর মস্তিষ্ককে ভিন্ন পথে চালিত করে।

মহাত্মা গান্ধীর শিক্ষানবীশ শিক্ষকদের সঙ্গে কথোপকথন। হরিজন, ১৮ ফেব্রুয়ারী, ১৯৩৯।

উপরের গান্ধীজীর বিবৃতিটি আপনি পাঠ করলেন। আপনি অবাক হবেন গান্ধীজী কি সুপারিশ করতে চাইছেন। তিনি দেখতে চেয়েছিলেন শারীরিক শ্রম শিক্ষার একটি আবশ্যিক অংশ হয়ে উঠুক। অনেক সমাজ বিজ্ঞানী এবং শিক্ষাবিদ কর্মভিত্তিক শিক্ষা অনুমোদন করেছিলেন এবং পশ্চিমী দেশগুলিতে কর্মভিত্তিক শিক্ষা প্রকল্প শুরু হয়েছিল। বাস্তবপক্ষে, জীবনের বিভিন্ন পরিস্থিতিতে একজন মানুষের সবচেয়ে বড় শিক্ষক উৎপাদনমূলক কাজ। উৎপাদনমূলক কাজ কেবলমাত্র জ্ঞান যোগ করা ছাড়াও একজন মানুষের সামর্থ্যের উন্নতি ও মূল্য বৃদ্ধি করে। বিভিন্ন গবেষণায় আবিষ্কৃত হয়েছে কর্মের সঙ্গে সম্পর্কহীন আধুনিক শিক্ষা ব্যবস্থার বিদ্যালয় শিক্ষা সম্পূর্ণ করে অধিকাংশ ছাত্র বাস্তব জীবনে ব্যর্থ হয়েছে। তারা এমনকি পুঁথিগত শিক্ষা পেতেও অক্ষম। গবেষণায় দেখা গিয়েছে যে শিশুর উন্নতিতে কাজ সম্পর্কিত শিক্ষার অভিজ্ঞতা অধিক কার্যকরী এবং সংকটপূর্ণ নয়। এই কর্মভিত্তিক শিক্ষা একটি ধর্ম নিরপেক্ষ, গণতান্ত্রিক কর্ম সমাজ সৃষ্টি করতে পারে। এই কর্ম সমাজ ভারতীয় সমাজে বিভিন্ন আকারে বিভিন্ন ক্ষেত্রে উপস্থিত। এই কর্মসমাজ শিক্ষাকে প্রাসঙ্গিক এবং অর্থবহ করে তোলে। এটি ছাত্রকে সামাজিক, সাংস্কৃতিক প্রসঙ্গের সঙ্গে যুক্ত করে। শিক্ষার বাস্তব এবং আদর্শ দায়িত্ব হলো ছাত্রদিগকে জীবনের প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হতে প্রস্তুত করানো। এই লক্ষ্যে পৌঁছানোর জন্য জীবনের সঙ্গে

সম্পর্কিত আবশ্যিক দক্ষতা, হস্তশিল্প এবং অন্যান্য দক্ষতাকে গুরুত্ব দেওয়া উচিত। এই দক্ষতাগুলি শিক্ষার মধ্য দিয়ে গড়ে ওঠা উচিত। এই শিক্ষা শিশুদের জীবনের দাবী ও প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হতে সক্ষম করে এবং সদর্থক উন্নতির সহায়ক হয়। এটা সম্ভব হবে, যখন ছাত্ররা পুঁথিগত তথ্যের সংকীর্ণতা থেকে বেরিয়ে এসে কাজের জগতে প্রবেশ করবে।

কাজের আনুষঙ্গ শিশুদের সামাজিক এবং প্রাকৃতিক পরিবেশের কাছাকাছি আনে। প্রকৃতির উৎসগুলির সঙ্গে পরিচয় করায়, এবং ভবিষ্যৎ পেশাগত জীবনের জন্য প্রস্তুত করে। কর্মভিত্তিক সমাজায়ন পদ্ধতি সমাজের সম্পর্কের জালে যুক্ত করে। সম্ভবত, আপনি মনোযোগ দিতে পারেন যে বিলাসবহুল সামাজিক আর্থিক শ্রেণীর অন্তগত হওয়ার কারণে শিশুরা কর্ম জগতের পরিচিতি লাভ করে না। তারা পরিচিতি লাভ করে। অসংখ্য প্রয়োজনীয় বা অপ্রয়োজনীয় তথ্যের ভাঁড়ার ঘরের সঙ্গে। কিন্তু বিভিন্ন পেশায় কাজ করা শিশুদের তুলনায় কম।

সম্পূর্ণ শিক্ষাগত রুটিনের সঙ্গে কাজকে যুক্ত করলে এটা সম্ভব হবে যে শিশুদের—

- সম্প্রদায়ের সম্পদ সম্বন্ধে অর্থবহ জ্ঞান থাকবে।
- উন্নত জীবন যাপনে সক্ষম করে এমন দক্ষতা অর্জন করবে।
- যেখানে স্থানীয় অর্থনীতিতে একটি জীবিকা পর্যবেক্ষণের দক্ষতা বিকাশ করতে পারে।
- কাজের সাথে সাথে তাদের উচ্চ শিক্ষা সম্পূর্ণ করার সুযোগ পেতে পারে।
- কঠোর শ্রমে কর্ম সম্পাদন করার গর্ব করতে পারে।
- স্কুলের রুটিনের সৃজনশীল পরিবর্তনগুলি জানতে পারে।

সেই সমস্ত শিক্ষায়তন, যেগুলি শ্রমের মর্যাদা গ্রহণ করেনি, তারা এমন ছাত্র তৈরী করে যারা বুদ্ধিগত, সংস্কৃতিগত, নিজেদের দেশের ঐতিহাসিক ঐতিহ্য বর্জিত। শিক্ষা প্রতিষ্ঠান যা কাজ থেকে বঞ্চিত শিশুদেরকে অপ্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে পারে, কিন্তু এটি সৃজনশীল ও দায়িত্বশীল নাগরিক তৈরী করতে পারে না।

12.3.1 কর্মশিক্ষা এবং অর্থের ধারণা :

প্রত্যেক দেশের শিক্ষার মুখ্য উদ্দেশ্য প্রতিভা এবং দক্ষতার উন্নতি ঘটানো। সেই দেশের নাগরিকদের জীবনকালে এই প্রতিভা এবং দক্ষতা প্রয়োজন। আবশ্যিকভাবে স্থির করা যে শারীরিক শ্রম শিক্ষার সঙ্গে যুক্ত হওয়া উচিত, অর্থাৎ কর্মশিক্ষা শিক্ষার অবিচ্ছেদ্য অংশ করা উচিত।

কর্মশিক্ষাকে স্বীকার করা হয় উদ্দেশ্যমূলক এবং অর্থবহ শারীরিক শ্রম। এই শ্রমকে শিক্ষা পদ্ধতির সহজাত অংশ হিসাবে সংগঠিত করা হয়। শ্রমকে অর্থপূর্ণ জিনিসের উৎপাদক বলে গণ্য করা হয়। এখান থেকে শিশুরা সন্তোষ এবং আনন্দের অভিজ্ঞতা ভাগ করে নেয়। শিক্ষা

নোট

কর্মকাণ্ডে কর্মশিক্ষা জ্ঞান, বোধগম্যতা, বাস্তব দক্ষাতগুলি অঙ্গীভূত করতে জোর দেয়। নিম্নলিখিত কারণগুলির মধ্যে দিয়ে কর্মশিক্ষার ধারণাকে ভালোভাবে বোঝা যায়—

- হাত এবং মস্তিষ্কের সমন্বয় প্রতিষ্ঠা করে।
- সামাজিকভাব ব্যবহার যোগ্য শারীরিক শ্রম শিক্ষামূলক কর্মকাণ্ডে সহজাত হয়।
- শিখন পদ্ধতিতে এটি একটি আবশ্যক এবং গুরুত্বপূর্ণ কারণ।
- সম্প্রদায়ের জন্য দরকারী সেবা এবং উৎপাদনক্ষম কাজ হিসাবে দেখা যায়।
- বহস্তরীয় শিক্ষা ব্যবস্থার সমস্ত শিক্ষার দৃষ্টিভঙ্গীগুলির সঙ্গে এটি একটি অপরিহার্য কারণ হিসাবে সংযুক্ত।
- এটা কাজ করা দ্বারা শেখার নীতির উপর ভিত্তি করে অবস্থিত।

কর্মশিক্ষার অন্তর্নিহিত কার্যক্রম :

- সমস্যার সমাধান, সমালোচনামূলক চিন্তা এবং সিদ্ধান্ত নেওয়ার দক্ষতাগুলিকে উন্নত করে তোলে।
- সমস্ত বিষয়ের শিক্ষাদানকারী শিক্ষকগণকে অংশ গ্রহণে আমন্ত্রন জানায়।
- এটা ছাত্রদের প্রয়োজন, আগ্রহ ও সামর্থ্যভিত্তিক।
- শিক্ষার বিভিন্ন পর্যায় অনুসারে ছাত্রদের সামর্থ্যগুলিকে উন্নত করে।
- ব্যক্তিত্ব বিকাশে সহায়তা করে।
- উৎপাদনে পেশাগত তৎপরতা দক্ষতার বৃদ্ধি ও বিকাশ ঘটায়।
- বিভিন্ন যন্ত্রপাতি, প্রযুক্তি, পদ্ধতি উপকরণ এবং বস্তুর সঙ্গে মিথষ্ক্রিয়ার সুযোগ দেয়।
- সম্প্রদায়ের সেবা সম্পর্কিত অভিজ্ঞ অবস্থার জন্য সুযোগ প্রদান করে।
- কর্মের জগতের সঙ্গে পরিচয় করায়।

রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায় :

সংস্কৃতি পুনঃজাগরণের জন্য শারীরিক শ্রমকে শিক্ষা থেকে পৃথক করা যেতে পারে না। নির্দিষ্ট সম্প্রদায়ের বৃত্ত থেকে বেরিয়ে প্রত্যেক ছাত্রের মানব সেবার কার্যক্রমে অংশগ্রহণ করা উচিত। কাজ শিক্ষার মাধ্যম হিসাবে নেওয়া উচিত কারণ অভিজ্ঞতা আমাদের মস্তিষ্ককে জানালা।

উপরের বর্ণিত থেকে আপনার কর্মের ধারণা এবং অর্থ সম্বন্ধে জানতে পেরে থাকবেন। এভাবে সংকলন করা যেতে পারে যে শারীরিক শ্রমসহ কর্মশিক্ষা একটি উদ্দেশ্যমূলক অর্থবহ

কর্মধারা যাকে সংগঠিত এবং নিয়মানুগভাবে বিদ্যালয় শিক্ষা পাঠ্যক্রমে অর্ন্তভুক্ত করা হয়েছে এবং উৎপাদিত বস্তু বা সমাজসেবা হিসাবে তা দৃশ্যমান।

12.3.2 কর্মশিক্ষার গুরুত্ব :

এটা একটা ঘটনা যে ব্রিটিশ সাম্রাজ্য থেকে বেরিয়ে আসার আগে 1906 খ্রীষ্টাব্দে ভারতীয় জাতীয় কংগ্রেস শিশুদের জন্য জাতীয় শিক্ষার প্রয়োজনীয়তা তুলে ধরেছিল। এই সমস্যার সমাধান এমন একটি শিক্ষা পরিকল্পনা যা জাতীয় কল্যানকে সুরক্ষিত রাখবে। জাতীয় উদ্দেশ্যগুলিকে লাভ করার পথ অনুসরণ করবে। যে শিক্ষা পরিকল্পনা প্রাথমিক স্তরে সমাজের চাহিদাগুলিকে পূরণ করতে চেষ্টা করবে এবং যার সাহিত্য, বিজ্ঞান কলা এবং প্রযুক্তি বিদ্যার মধ্য দিয়ে উন্নত করার সম্ভাবনা আছে। এই রকম একটি শিক্ষা ব্যবস্থার চিন্তা করা হয়েছিল-যা ভঙ্গুর সমাজকে সংযুক্ত করবে। যে শিক্ষাব্যবস্থা সামাজিক মূল্য হ্রাসের মালার মধ্যে বসান যেতে পারে এবং যা কর্ম এবং শিক্ষার ফাঁকের মধ্যে সেতুর কাজ করতে পারে।

এই উদ্দেশ্যগুলি পূরণ করার ক্ষেত্রে কর্মশিক্ষাকে একান্ত আবশ্যিক হিসাবে দেখা হয়। নিম্নলিখিত পরিপ্রেক্ষিতে কর্মশিক্ষাকে বোঝা যেতে পারে।

1. ছাত্রদের দেহের প্রাথমিক চাহিদা পূরণ করার ক্ষোভে কর্মশিক্ষা নিয়মিত অভ্যাস ও ইতিবাচক মনোভাবের উন্নতি ঘটায়।

2. সংবেদনশীলতা এবং তাদের পরিবেশের প্রতিসচেতনতা আনা এবং মানসিকতা ও পরিবেশের আন্তঃসম্পাদনের বোঝাপড়ার উন্নতি করে।

3. শারীরিক কর্ম এবং শ্রমের গুরুত্বের প্রতি বোঝাপড়া ও অনুভব করার গর্বকে উন্নত করে।

4. কাম্য সামাজিক মূল্যবোধকে উন্নত করতে সাহায্য করে। নিয়মানুবর্তিতা, সময় নিষ্ঠা, পরিচ্ছন্নতা, আত্মসংযম, ধৈর্য্য কর্তব্যনিষ্ঠা, সেবা করার অনুভব, দায়িত্বের অনুভব পরিশ্রমসাধ্যতা, সমতার প্রতি সংবেদনশীলতা, সহধর্মীতা ইত্যাদি কেবল বই পড়া বা শ্রোতাদের কথা শোনার মাধ্যমে উন্নত করা যায় না। কিন্তু ছাত্ররা যখন একে অন্যের সঙ্গে বিভিন্ন কাজকর্ম করে, তখন সামাজিকভাবে কাম্য গুণাবলী/মূল্য স্বাভাবিক ভাবে বেড়ে ওঠে।

5. কর্মশিক্ষা পুষ্টি, খাদ্য, সংক্রামন রোগ এবং স্বাস্থ্যবিধি সম্পর্কিত নিয়ম সম্পর্কে তথ্য সরবরাহ করে। কর্মশিক্ষার মাধ্যমে ছাত্ররা সম্প্রদায়ের পরিচ্ছন্নতা বজায় রাখতে সতর্ক এবং সচেতন হয়ে ওঠে।

6. স্বপ্রকাশ এবং সৃজনশীলতা গুণমানের প্রতিপালন। প্রতিটি শিশুর একটি প্রাকৃতিক চিহ্ন হিসাবে সৃজনশীলতা এবং শ্লৈপিক অভিব্যক্তির সম্ভাবনা আছে। কর্মশিক্ষা শিল্পসম্মত কার্যক্রম সংগঠনের পর স্বতন্ত্র প্রকাশের সুযোগ প্রদান করে।

7. এটি স্থানীয় ও জাতীয় সংস্কৃতির আদি ঐতিহ্য সংরক্ষণের অনুভূতির প্রশংসা করার ক্ষমতা রাখে।
8. এটি নেতৃত্ব এবং নেতৃত্বের দক্ষতার অনুভব শুরু করতে সাহায্য করে। কিছু শিশু স্বাভাবিকভাবে অর্ন্তমুখি এবং শুরু করতে দ্বিধাগ্রস্থ হয়। কর্মশিক্ষা এমন অভিজ্ঞতা প্রদান করে যাতে নেতৃত্বকে সহজে কাজের মাধ্যমে উন্নত করা যায়।
9. প্রয়োজনীয় জীবন দক্ষতার বিকাশ—শিক্ষার প্রকৃত ও আদর্শ দায়িত্ব হচ্ছে শিশুদের জীবনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত করা। কর্মশিক্ষা প্রয়োজনীয় জীবন দক্ষতা—যেমন সমস্যার সমাধান, সিদ্ধান্তগ্রহণ, সৃজনশীল চিন্তা, সমালোচনামূলক চিন্তা, সহানুভূতি, কার্যকরী যোগাযোগের উন্নয়ন করতে সাহায্য করে এবং শিশুদের দৈনিক জীবনের চাহিদা এবং চ্যালেঞ্জের মুখোমুখি হতে কার্যকরীভাবে সক্ষম করে তোলে।
10. শিক্ষার সঙ্গে কর্মের সম্পর্ক স্থাপন—কর্মশিক্ষা বিভিন্ন ধরনের কাজের শর্ত জানতে এবং তাতে অংশগ্রহণের সুযোগ করে দেয়। কর্মশিক্ষা কর্ম এবং কর্মীদের রুটিন জানতে উৎসাহ দেয়।
11. বিদ্যালয় ও সম্প্রদায়ের সম্পর্ক—বিদ্যালয়ের সমস্ত কার্যক্রমে কর্মশিক্ষা সম্ভবত একটি এইরকম বিষয় যা বিদ্যালয়কে সমাজের নিকট কার্যকরীভাবে অধিক কাছাকাছি নিয়ে আসে। কর্মশিক্ষা সম্প্রদায়ের সাংস্কৃতিক ও সামাজিক পটভূমির প্রতিটি শর্তের যত্ন নেয়। এটি কারিগরদের তাদের প্রতিভা এবং শিল্প প্রদর্শন করার আমন্ত্রণ জানায়।

12.4 সংকলন করা যাক

সমস্ত শিশুর শিক্ষায় কর্মের শিক্ষামূলক গুরুত্ব রয়েছে। এই শিশুরা যে কোন সামাজিক, অর্থনৈতিক বা সংস্কৃতির পটভূমির অন্তর্গত হতে পারে। যে শিক্ষা পদ্ধতিতে কর্ম এবং জ্ঞান চেষ্টা করে ভিন্ন পথ অবলম্বন করতে, তা কখনও সমাজের সঙ্গে যুক্ত হতে পারে না, বরং তা সমাজ এবং শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে দূরত্ব প্রশস্ত করে। সম্ভবত এইটি প্রদান কারণ যা কর্ম এবং শিক্ষার মধ্যে সংযোগের অভাবে শিশুদের প্রয়োজনীয় জীবন দক্ষতা থেকে বঞ্চিত করে। শারীরিক শ্রম এবং উৎপাদনশীল কর্মকে একটি উচ্চ স্তম্ভমূলে স্থাপন করার অর্থ হল শিক্ষা অর্থপূর্ণ, যুক্তিযুক্ত এবং জীবনের জন্য দরকারী। বাস্তব জীবনের পরিস্থিতিতে উৎপাদন সম্পর্কিত কর্ম কেবলমাত্র শিশুদের শিক্ষা প্রক্রিয়ায় ব্যস্ত রাখার শিক্ষামূলক তাৎপর্য ছাড়া ও স্বাভাবিকভাবে জ্ঞান ও জীবন দক্ষতার উন্নতি সাধন করে। শিক্ষা ও কাজের সংযোগের সাথে সাথে আপনি জ্ঞানের লক্ষ্য, জীবন দক্ষতা এবং কর্মশিক্ষার মূল্যগুলি বুঝতে পারবেন। কর্মশিক্ষার মনস্তাত্ত্বিক এবং সামাজিক ভিত্তি আছে। কর্মশিক্ষা শিশুদের আনন্দ দেয়। কেবলমাত্র পুঁথিগত জ্ঞান শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টি করে, অপরপক্ষে কাজের দ্বারা শিক্ষা তাদেরকে উজ্জীবিত করে তোলে।

কর্মশিক্ষার উদ্দেশ্যগুলি শিশুদের নিজেদের, পরিবারের এবং সমাজের প্রয়োজনগুলি জানতে

কৌতূহলী করে তোলে। শিক্ষার গুরুত্বপূর্ণ একটি উদ্দেশ্য হলো শিশুদের মধ্যে শ্রমিকদের এবং শ্রমের মর্যাদার প্রতি শ্রদ্ধার অনুভূতি গড়ে তোলা।

12.5 প্রস্তাবিত পাঠ এবং রেফারেন্সগুলি

- Gandhi M.K. (1953) towards New Education, Navjeevan Publishing House, Ahmedabad.
- Indian Government (1986) National Policy on Education (1986) and programmes for ftaking steps 1986, Ministry of Human Resource Development, New Delhi.
- Gujrat New Education Association (2000-2002), New Education Association, Gujrat Vidyapith, Ahmedabad.
- National Council of Education Rsearch and Technology, New Delhi (1979) National Curriculum Frame work for ten years, New Delhi.

12.6 একক-শেষের অনুশীলনী

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

1. শিক্ষার প্রাথমিক পর্যায়ে শিশুদের সামাজিকভাবে কাম্য গুণগুলির উন্নতির জন্য তুমি কোন্ বিষয়ের সুপারিশ করবে? কারণগুলি লেখ।
2. কর্মশিক্ষার প্রসঙ্গে শ্রমের অর্থ কি? কর্ম এবং শিল্পভিত্তিক কাজগুলির সঙ্গে সম্পর্কিত শিক্ষার উপযোগিতা কি?
3. জাতীয় পাঠ্যক্রম 2005 কীভাবে কর্মশিক্ষাকে সর্বোপেক্ষা অগ্রগণ্য বিষয় হিসাবে লক্ষ্যণীয় করে p কেন বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে এটিকে গুরুত্বপূর্ণ হিসাবে স্বীকার করা হয়?
4. জ্ঞান, বোধশক্তি ও দক্ষতার উন্নতি প্রসঙ্গে কর্মশিক্ষার উদ্দেশ্যগুলি ব্যাখ্যা করো।
5. শিক্ষায় আগ্রহ এবং আবশ্যিক কারণ হিসাবে কর্মশিক্ষাকে গ্রহণ করার প্রসঙ্গে সামাজিক এবং মনস্তাত্ত্বিক ভিত্তি উদাহরণ ব্যাখ্যা করো।
6. কেন বর্তমান শিক্ষা পদ্ধতি কর্মশিক্ষাকে প্রত্যাশিত জায়গা এবং সময় দিতে সমর্থ নয়?
7. কর্মশিক্ষা বিষয়ে বাবা-মা এবং ছাত্রদের মধ্যে কি ধরনের কাল্পনিক ভুলধারণা আছে? সেগুলিকে নির্মূল করার জন্যে তুমি কি ধরনের প্রচেষ্টা করবে?

একক 13 : কর্মশিক্ষার প্রয়োগ (তাত্ত্বিক এবং বাস্তব দৃষ্টিভঙ্গি)

গঠন

13.0 – সূচনা

13.1 – শিক্ষার উদ্দেশ্যগুলি

13.2 – কর্মশিক্ষার পাঠ্যক্রম

- 13.2.1 – উপাদান, সরঞ্জাম এবং প্রযুক্তি ব্যবহার
- 13.2.2 – অনুশীলন

13.3 – ছাত্রদের শ্রেণীবিভাগ

- 13.3.1 – সময় বরাদ্দ
- 13.3.2 – জায়গা বরাদ্দ

13.4 – বিভিন্ন শ্রেণীর জন্য অধিবেশন পরিকল্পনা

- 13.4.1 – মৌলিক চাহিদার ভালো সিদ্ধি সংক্রান্ত কার্যক্রম
- 13.4.2 – পরিবেশের সৌন্দর্যায়ণ সংক্রান্ত কার্যক্রম
- 13.4.3 – সমাজসেবা সম্পর্কিত কার্যক্রম
- 13.4.4 – সাংস্কৃতিক ঐতিহ্য এবং জাতীয় সংহতি সংক্রান্ত কার্যক্রম
- 13.4.5 – পরিবেশ সচেতনা সম্পর্কিত কার্যক্রম

13.5 – প্রাথমিক শ্রেণীর রেফারেন্স কর্মশিক্ষার সম্পর্কিত উপকরণের নির্বাচন ও সমন্বয়

13.6 – উপাদান এবং সরঞ্জাম স্টোরেজ এবং ব্যবস্থাপনা

13.7 – অভিজ্ঞতা প্রদান এবং পাঠ্যক্রমের বিভিন্ন বিষয় একত্রীভূত করার পদ্ধতি

- 13.7.1 – ভাষা
- 13.7.2 – গণিত
- 13.7.3 – পরিবেশগত পাঠ, সমাজবিজ্ঞান এবং ইতিহাস

13.8 – কর্মশিক্ষার সঙ্গে সম্পর্কিত শিক্ষণ শিখন কার্যক্রমের পদ্ধতি

13.8.1 – পর্যবেক্ষণ/তত্ত্বধান পদ্ধতি

13.8.2 – প্রদর্শন পদ্ধতি

13.8.3 – ব্যবহারিক পদ্ধতি

13.8.4 – প্রকল্প পদ্ধতি

13.8.5 – প্রমোদ ভ্রমণ পদ্ধতি

13.9 – সংকলন

13.10 – পাঠের সুপারিশ ও রেফারেন্স

13.11 – একক শেষ অনুশীলনী

13.0 সূচনা

পূর্ববর্তী একক থেকে আপনি কর্মের ধারণা এবং প্রকৃতি সম্বন্ধে জানতে পেরেছেন। আপনি জানতে পেরেছেন যে 'কর্মের' অর্থ শ্রমের সঙ্গে যুক্ত একটি কার্যকলাপ। আনুষ্ঠানিক বিদ্যালয় শিক্ষার জন্মের আগে শিক্ষায় শারীরিক শ্রমের মহান গুরুত্ব প্রতিষ্ঠিত হয়েছে। প্রাচীনকালে যখন ছাত্ররা তাদের শিক্ষকদের সঙ্গে বাস করতো, তারা শ্রম নির্ভর সমস্ত ধরনের কাজ করতো এবং জীবনযাপন করতো, কাজ এবং শিক্ষার সঙ্গে কোন বিরোধ ছিল না। আনুষ্ঠানিক বিদ্যালয় শিক্ষার শুরুতে বই-এর জ্ঞান সম্পর্কে শিক্ষার ভিত্তি কর্মভিত্তিক গঠন নিয়ে এসেছে। 1854 খ্রীষ্টাব্দে উড্ এবং ড্যাবট ব্যক্তিত্বের সুসংহত বিকাশের জন্য শারীরিক শ্রমভিত্তিক কার্যক্রমের উপর জোর দেয়।

আপনি এইসব কারণগুলি পূর্ব এককের মধ্যে দিয়ে জেনে এসেছেন। আপনি শিক্ষায় কাজের তাৎপর্যও বুঝেছেন। আমরা এই এককে কর্মশিক্ষার পদ্ধতি সম্বন্ধে জ্ঞান অর্জন করবো। কর্মশিক্ষার পাঠ্যক্রম কী হবে, কোন পদ্ধতিটি পাঠ্যক্রম পরিচালনার জন্য ব্যবহার করা হবে, ছাত্রদের কীভাবে গোষ্ঠীভুক্ত করা হবে—এই সমস্ত পয়েন্টগুলি বর্তমান এককে ব্যাখ্যা করা হবে।

13.1 শিক্ষার উদ্দেশ্য

এই এককের উদ্দেশ্যগুলি নিম্নরূপ—

1. শিক্ষার পাঠ্যসূচি এবং কীভাবে এটি অন্যান্য বিষয়গুলির সাথে সম্পর্কিত হতে পারে তা বোঝা।

2. কর্মশিক্ষার জন্য প্রতিষ্ঠান/বিদ্যালয়ের প্রয়োজনীয় সামগ্রী এবং উপকরণের সঙ্গে পরিচিত হওয়া।

নোট

3. কর্মশিক্ষা অনুশীলন করার জন্য ছাত্রদের গোষ্ঠীভুক্ত প্রক্রিয়া প্রবর্তন করা
4. বিভিন্ন ক্ষোভের সাথে সম্পর্কিত নির্বাচন করার ক্ষমতা/সামর্থ্য/ক্রিয়াকলাপের বিকাশ।
5. কর্মশিক্ষায় প্রস্তুতকৃত সামগ্রীর সংরক্ষণ ও সংরক্ষণের পদ্ধতির প্রয়োজনের প্রতি বোধগম্যতা বিকাশ।
6. অন্যান্য বিষয়গুলির সাথে সমন্বয় সাধন করার জন্য দক্ষতা এবং লাভ অর্জন।

13.2 কর্মশিক্ষার পাঠক্রম :

জাতীয় শিক্ষানীতি 1986 সামাজিকভাবে দরকারী উৎপাদনশীল কর্মের ধারণা গ্রহণ করে এবং এটি উদ্দেশ্যমূলক অর্থবহ শারীরিক কর্ম হিসাবে গণ্য করে। সুপারিশ করা হয়েছিল যে শিক্ষার সকল পর্যায়ে একটি গুরুত্বপূর্ণ কারণ হিসাবে বিবেচিত হওয়া উচিত। প্রধানত ছয়টি এলাকা সুপারিশ করা হয়েছিল যেগুলি থেকে উৎপাদনশীল শারীরিক শ্রমগ্রহণ করা উচিত; স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিজ্ঞান, খাদ্য এবং পুষ্টি, বাসস্থান, পোষাক, সংস্কৃতি এবং বিনোদন। কমিউনিটি কাজ এবং সমাজ সেবা।

কর্মশিক্ষার পাঠ্যসূচির বিষয়ে চিন্তা করার আগে কর্মশিক্ষার লক্ষ্যটি লক্ষ্য করা উচিত। এটা পরিষ্কার যে কর্মশিক্ষার মধ্য দিয়ে ছাত্রদের প্রয়োজনীয় জীবন দক্ষতার বিকাশ হয়। কাজেই দৈনন্দিন জীবন ঘিরে কর্মশিক্ষার পাঠ্যসূচির ভিত্তি হওয়া উচিত। এই বিষয়ের মধ্যে দিয়ে যে কার্যক্রম অনুষ্ঠিত হয়, সেগুলিকে প্রধানত ছয়টি এলাকা থেকে সংগ্রহ করা হয়।

স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিজ্ঞান, খাদ্য ও পুষ্টি, বাসস্থান, পোষাক, সংস্কৃতি এবং বিনোদন কমিউনিটি কাজ ও সমাজসেবা—এই ছয়টি কারণ একজন ব্যক্তি মানুষের জীবনের প্রয়োজনীয় কারণসমূহ। কাজেই কর্মশিক্ষার পাঠ্যক্রম এই এলাকা থেকে পৃথক হতে পারে না। এটা গুরুত্বপূর্ণ যে কর্মশিক্ষারহ পাঠ্যক্রম আশেপাশের অবস্থা সম্পর্কিত হওয়া উচিত।

প্রাথমিক এবং উচ্চ প্রাথমিক পাঠ্যক্রমের তিনটি প্রধান কারণ থাকবে—পরিবেশ পাঠ এবং এর ব্যবহার উপকরণ, সরঞ্জাম এবং পদ্ধতির সঙ্গে পরীক্ষা এবং তৃতীয়টি হল অনুশীলনী। শিশুদের এবং তাদের পরিবারের দৈনিক চাহিদা পূরণের জন্য সম্পন্নকৃতদ কাজ থেকে তিনটি উপাদান নির্বাচিত করা হবে। উৎপাদনমূলক কাজ এবং আশেপাশে প্রদত্ত সেবার জন্যে কর্ম অভিজ্ঞতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একবার কাজ করা থেকে এটা কখনো স্থির করা যায় না যে, শিশুরা এটিকে পুঙ্খানুপুঙ্খ বুঝতে বা শিল্পটি আয়ত্ত করেছে।

কর্মক্ষেত্রের সক্রিয়তা এবং প্রকল্পগুলির প্রকৃত নির্বাচন প্রাকৃতিক, শারীরিক, মানবসম্পদ এবং

একটি বিশেষ স্থানের একটি নির্দিষ্ট সমাজের সামাজিক ও অর্থনৈতিক পটভূমির উপর ভিত্তি করে হওয়া উচিত। কার্যক্রম এবং স্কিম নির্বাচনের মধ্যে বৈচিত্রময় হওয়া উচিত। পরিবেশ সম্পর্কিত কার্য নিম্নরূপ—

1. ছাত্ররা যখন তাদের বাড়ি থেকে বিদ্যালয়ে যায় তখন সমস্ত জিনিস যেমন বাড়ি, গাছ, স্তম্ভ, দোকান ইত্যাদির পর্যবেক্ষণ।

2. পরিবেশ বান্ধব পরিবেশ সংরক্ষণের প্রাচীনদের সাহায্য করার জন্য আশেপাশের পার্ক থেকে প্লাস্টিকের ব্যাগ বা অন্যান্য আবর্জনা বাছাই করা। জমা জলের সঠিক নিষ্কাশন ব্যবস্থা, আগাছা পরিষ্কার করা, ঘোরাফেরা করা বিভ্রান্ত প্রাণীদের সম্পর্কে সঠিক সংগঠনকে জানানো ইত্যাদি।

3. বাড়ি বা আশেপাশে কাজ এবং উপাদানমূলক কাজ যেমন খাবার রান্না করা (এই কাজে মাকে সাহায্য করা) দরজীর কাজ, কুমোরের মাটির জিনিসপত্র তৈরী করা, রাজমিস্ত্রীর কাজ চুনকাম করা, রং করা, মাল ওঠানো এবং মুচির কাজ ইত্যাদি পর্যবেক্ষণ করা।

4. একের জুতো পালিশ করা, ফিতা পরিষ্কার করা, মোজা, রুমাল এবং অর্ন্তবাস, একের ব্যাগ পরিষ্কার করা এবং জামার বোতাম লাগানো।

5. বাড়ি অথবা বিদ্যালয়ে নিয়মিত গাছে জল দেওয়া, আগাছা নিড়ানো এবং অন্যান্য প্রয়োজনীয় কাজকর্ম।

6. উদ্যান পর্যবেক্ষণ করা, মাঠের ফসল লক্ষ্য করা, কাজ পর্যবেক্ষণ করা এবং প্রশ্ন করে কৌতূহল নিবারণ করা।

7. আশেপাশের গাছগুলির নাম এবং ব্যবহার জানা, এবং সর্বদা তাদের যত্ন নেওয়ার জন্য প্রস্তুত থাকা।

8. পোষ্টঅফিসে, বাস স্টেশনে, হাসপাতালে, প্রাথমিক সাহায্যের কেন্দ্রে, পশু ফার্মে যে বিভিন্ন কাজকর্ম চলছে তা পর্যবেক্ষণ করা।

9. সাংস্কৃতিক ও ধর্মীয় উৎসব অনুষ্ঠানের অনুষ্ঠান ও অনুষ্ঠানের পর্যবেক্ষণ ও অংশগ্রহণ (যদি প্রয়োজন হয়)।

নোট

আপনার অগ্রগতি দেখুন —1

1. কর্মশিক্ষার কার্যক্রম নির্বাচন করার সময় কোন ছয়টি ক্ষেত্র ভিত্তি হবে?

2. বিবৃতিগুলির যেগুলি সত্য () মার্ক দিন—

- প্রতিবেশীর উদ্দেশ্যমূলক পর্যবেক্ষণ সংবেদনশীলতা বৃদ্ধি করে।
- বিদ্যালয় শিক্ষার প্রাথমিক পর্যায়ে ছাত্রদের উদ্যান সম্পর্কিত কাজকর্মে যুক্ত হওয়া উচিত নয়।
- কর্মশিক্ষার দৃষ্টিকোণ থেকে সাংস্কৃতিক এবং ধর্মীয় উৎসবের অনুষ্ঠানে ছাত্রদের অংশগ্রহণ করা প্রয়োজন।
- আপনার জুতো পালিশ এবং স্কুল ব্যাগ পরিষ্কার কর্মশিক্ষায় অন্তর্ভুক্ত করা উচিত নয়।

13.2.1 উপাদান, সরঞ্জাম এবং কৌশল নিয়ে পরীক্ষা :

উপাদান, সরঞ্জাম এবং কৌশল প্রতিটি বৃহৎ শিল্পে বা মানুষের দৈনন্দিন জীবনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কর্মশিক্ষার পাঠক্রম দৈনিক রুটিএনর কাজ সম্পন্ন করার জন্য উপাদান, সরঞ্জাম এবং কৌশলগুলি প্রবর্তন করে এবং তাদের অভিজ্ঞতা উপলব্ধ করার সুযোগ করে দেয় যাতে প্রাথমিক পর্যায়ে দক্ষতা উন্নত করা যায়। এমন কার্যকলাপের একটি তালিকা নীচে দেওয়া হল।

1. বিভিন্ন ক্রীড়া উপাদানের সঙ্গে পরিচয়।
2. মাটি, পুরাতন কাগজ, পুরাতন খবরের কাগজে বাঁশ পাতা তুলো, ব্যবহার করা কাপড়ের টুকরো সঙ্গে পরিচয় এবং সেগুলি নিয়ে খেলা এবং সেগুলি থেকে ব্যবহার্য জিনিস তৈরী করা।
3. ব্যবহার জানা এবং রান্নাঘর এবং পরিবারের কাজ উপকরণ ব্যবহার করার চেষ্টা করা।

4. কাপড় পরিষ্কার ও ধোওয়ার জন্য ব্যবহৃত জিনিসপত্র যেমন ব্রাশ, মেশিন, বালতি, সাবান এবং ডিটারজেন্ট গুড়ো ইত্যাদির সঙ্গে পরিচিতি এবং তাদের ক্ষমতা অনুযায়ী তাদের ব্যবহার করা।

5. ফুলের ব্যবস্থাপনা, ফুলের মালা এবং ফুলের তোড়া তৈরী করা।

6. শৈল্পিক বস্তু (হস্তনির্মিত) সনাক্ত করতে এবং অঙ্কন সম্পর্কিত বিষয় এবং সরঞ্জামগুলি ব্যবহার করতে সক্ষম।

13.2.2 কর্ম অভিজ্ঞতা :

কর্ম অভিজ্ঞতার অর্থ হল কাজ করে এবং শিখে অভিজ্ঞতা লাভ। এটি কেবলমাত্র বিস্তারিত তথ্য পেতে সুযোগ দেয় না। কিন্তু কাজ করার ও সুযোগ দেয় এমন এক পরিস্থিতিতে সেখানে সে অনেক শিখতে পারে। শেখা উপভোগ করে এবং তার সন্দেহের সমাধান পায়, তার কৌতূহল পরিতৃপ্ত করে এবং বাড়ি, পরিবার, বিদ্যালয় এবং সম্প্রদায়ের বিভিন্ন কর্ম পরিস্থিতি সম্বন্ধে তথ্য সন্ধান করে।

কর্মক্ষেত্রের অভিজ্ঞতার জন্য দেওয়া কার্যক্রমগুলি এমন হওয়া উচিত যেগুলি শিশুদের মধ্যে আত্মবিশ্বাস এবং স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে সক্ষম করে। সমাজের গঠনমূলক কর্মসূচিত আনন্দে অংশগ্রহণের জন্য তাদের আকাঙ্ক্ষা থাকা উচিত। পরিবেশ পরিচ্ছন্নতা প্রোগ্রাম এবং এর সৌন্দর্যায়ন এর সঙ্গে তাদের যুক্ত হওয়ার সুযোগ পাওয়া উচিত। তাদের কাজ এবং শ্রমিকদের প্রতি শ্রদ্ধাশীল মনোভাব গ্রহণ করতে সক্ষম হওয়া উচিত।

পরিবেশগত ও উৎপাদনশীল কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে শিশুরা কর্মক্ষেত্রের অবস্থা সম্পর্কে বিস্তারিত তথ্য পায় যা ঘটনা এবং আশপাশের পরিবেশ জানতে তাদের কৌতুহল বাড়ায়।

কার্যকলাপ—1

কাগজের বিভিন্ন নমুনা তৈরী করুন—কালি এবং রং এর নকশা, সূতোর নকশা, মার্বেল কাগজ।

- আমন্ত্রণ কার্ড, বইয়ের চিহ্ন, বিভিন্ন দেশের জাতীয় পতাকা, রেখাচিত্রমালা, মালা, খাম তৈরী, কাগজ দিয়ে বিভিন্ন আকার যেমন বোট, দিন রাত্রি ইত্যাদি।
- মাটির খেলনা তৈরী করা।
- পাতা, ক্রাঞ্চ শাঁখ, ফুলের বীজ এবং পালক ইত্যাদি সংগ্রহ করা।
- পানীয় যেমন চা, কফি, লেবুর ইত্যাদি।
- নিজেদের বই বাঁধানো।

নোট

দৈনন্দিন জীবনের জন্য বাড়ির জিনিসপত্র কেনা।

- বাবা-মাকে তাঁদের ছোট বাচ্চাদের দেখভাল করা এবং তাদের পাঠে সাহায্য করা।
- গাছপালার পরিচর্যা।
- বিদ্যালয়ে পরিচ্ছন্নতা সম্পর্কিত কাজ।

আপনার অগ্রগতি দেখুন —2

1. কাজের অভিজ্ঞতা অনুযায়ী কাজ করার জন্য যে কোনও দুটি ভিত্তি লিখুন।

2. পঞ্চম শ্রেণীর ছাত্রদের জন্য যেকোন পাঁচটি কার্যক্রমের পরামর্শ দিন যা তাদের দৈনন্দিন রুটিনের জন্য উপযোগী হতে পারে।

13.3 ছাত্রদের গোষ্ঠী তৈরী করা :

সম্ভবত আপনি লক্ষ্য করেছেন যে ছাত্ররা যখন তাদের ধারণা এবং কল্পনাকে আকৃতি দেয় এবং গ্রুপে কাজ করে তখন তারা আমাদের অভিজ্ঞতা লাভ করে।

- এই শেখার প্রক্রিয়ার মাধ্যমে তাদের আনন্দ অনুভূতির একটি ইতিবাচক বৃদ্ধি আছে।
- তাদের দলগত উৎসাহে বিকাশ হয়।
- সহযোগিতা এবং নেতৃত্বের মত গুণগুলি স্বতঃস্ফূর্তভাবে বিকাশ করে।

কর্মশিক্ষার বেশিরভাগ কর্মকাণ্ডের প্রকৃতি হচ্ছে যে তারা দলগতক্ষেত্রে ভাল ফলাফল প্রদান করে। যোগ্যতা, মূল্যবোধ এবং দক্ষতা এবং অন্যান্য সামাজিক মূল্যবোধের মত গুণগুলি যেমন অন্য পরিবেশের প্রতি সহানুভূতি, সহযোগিতা, বোধগম্যতা, পরস্পর নির্ভরতা, প্রকৃতির প্রতি ভালোবাসা, সৌন্দর্যের প্রশংসা, শ্রম মর্যাদা, নিয়মর্তিতা ইত্যাদি দলগত কাজে বেশী প্রস্ফুটিত হয়। দলের মধ্যে কাজ করে সাধারন সংস্কৃতির পরিবেশ তৈরী করা হয়।

উপরে উল্লিখিত ইতিবাচক দিক কেবল উন্নীত করা যেতে পারে যখন শিক্ষার্থীদের গ্রুপিং একটি পদ্ধতিগতভাবে করা হয়। ছাত্রদের গ্রুপিং করার সময় আপনি নিম্নলিখিত পয়েন্টগুলির প্রতি মনোযোগ দিতে চাইবেন—

- আপনি কি এই শ্রেণীর বিভিন্ন গ্রুপ গঠন করেছেন বা দুই বা তিনটি শ্রেণী একত্রিত করে দল গঠন করেছেন কিনা।

  একটি নির্দিষ্ট প্রোগ্রামের উদ্দেশ্য পর্যবেক্ষক যখন, আপনি উভয় পরিস্থিতির সম্মুখীন হবেন। কিছু কার্যক্রমের জন্য আপনি শ্রেণীভুক্ত গ্রুপ করবেন এবং ক্ষেত্রে আপনি মিশ্র গ্রুপ করবেন। উদাহরণস্বরূপ—

সকালে সবাবেশে সংগঠনের সব ছাত্রের অংশগ্রহণ, উভয় পরিস্থিতির উপর চিন্তা করা।

- সহশিক্ষায় একটি মিশ্রিত গ্রুপ তৈরী করুন।
- শারীরিক প্রতিবন্ধীদের নিয়ে একটি পৃথক গ্রুপ তৈরী করবেন না। তাদের জন্য শিশুদের সঙ্গে যুক্ত করুন এবং নিশ্চিত হোন যে, সেখানে তাদের একটি অর্থপূর্ণ ভূমিকা এবং দায়িত্ব দেওয়া হয়েছে।
- বুদ্ধিমান এবং দ্রুত শেখা ছাত্রদের একটি গ্রুপে রাখবেন না। এর অর্থ ধীরগতিতে শেখা ছাত্র এবং বুদ্ধিমান ছাত্রদের নিয়ে মিশ্রিত গ্রুপ তৈরী করুন। আপনার দায়িত্ব শুরুতে বেড়ে যেতে পারে যখন আপনি এইরকম গ্রুপ তৈরী করবেন। আপনাকে ধারাবাহিকভাবে লক্ষ্য রাখতে হবে যেন বুদ্ধিমান/বড় ছেলেমেয়েরা এবং দ্রুত শেখা ছেলেমেয়েরা যে অন্য ছেলেমেয়েদেরকে অবদমিত করে না রাখে। সম অংশগ্রহণ নিশ্চিত করুন, তাদের সিদ্ধান্ত এবং পরামর্শ শুনুন, এবং প্রয়োজন অনুযায়ী সেগুলিকে বাস্তবায়ন করুন। এর অর্থ দলে দলে গণতান্ত্রিক পরিবেশ বজায় থাকা উচিত। এর জন্যে শুরুতে তাদের বেশী সময় দিতে হবে।
- কিছু অন্যান্য কারণের জন্য গ্রুপ গঠন প্রভাবিত হবে।

— স্থানের প্রাপ্যতা।

— সম্পদ, উপকরণ, সরঞ্জামের প্রাচুর্য।

— সময়ের প্রাপ্যতা।

— তত্ত্বাবধান এবং মূল্যায়ন ব্যবস্থা।

— ছাত্রদের সংখ্যা।

— কার্যক্রমের প্রকৃতি এবং এর উদ্দেশ্য।

— গ্রুপ আগ্রহ, পূর্ববর্তী জ্ঞান, শিক্ষার্থীদের প্রাথমিক প্রবেশ আচরণের ভিত্তিতে তৈরী করা যেতে পারে।

প্রাথমিক এটির আচরণ দ্বারা আমরা পূর্বের জ্ঞান এবং কাজ করার আগে কাজকর্মের প্রকৃতি



নোট

সম্পর্কে শিক্ষার্থীদের বোধগম্যতা বোঝাচ্ছি। অনেক শিশু বাড়িতে একটি পরিবেশ পেয়ে থাকে যেখানে তাদের আগ্রহ বা বাধ্যবাধকতার বাইরে অনেকগুলি উৎপাদনশীল প্রক্রিয়া যুক্ত করা হয় বা তাদের কাছে রুটিন কার্যক্রমের একটি নির্দিষ্ট ভূমিকা পালন করার আছে। আপনার শ্রেণীতে কিছু ছাত্র থাকতে পারে যারা পরিবারের কাজগুলিতে অংশ গ্রহণের কোনোও সুযোগ পায় না, যাদের নিজস্ব ব্যক্তিগত কাজগুলি তাদের পিতামাতার সাহায্য নিয়ে করা হয়।

উভয় ধরনের শিশুদের তাদের প্রাথমিক আচরণের মধ্যে চিহ্নিত পার্থক্য থাকবে। একজনের প্রদত্ত কাজের জ্ঞান, কৌশলের আংশিক বা সম্পূর্ণ বোধগম্যতা আছে, অন্যজনের কোন অভিজজ্ঞতা নাও থাকতে পারে। আপনার গ্রুপ গঠনের পদ্ধতির ভিত্তি কি হবে? পৃথক গ্রুপে গঠন করার ফলে কি ক্ষতি হতে পারে? যদি আপনি মিশ্র গ্রুপগুলির গঠন করে থাকেন, একাধিক শ্রেণী এবং মিশ্র শিশুদ্রেদর নিয়ে, তাহলে কোন্ স্তরে আপনার দায়িত্ব বৃদ্ধি পাবে? এটা আশা করা হয়ে থাকে যে, আপনি কেবল বিভিন্ন দিক বিবেচনা করার পরই কেবল দল গঠন করবেন। এটি একটি নির্দিষ্ট কার্যকলাপের জন্য গঠিত বা অধিবেশনের শুরুতে গঠিত গোষ্ঠীগুলি স্থায়ী হবে। আপনি গ্রুপগুলির পুনঃসংগঠনে পরিবর্তন আনতে পারেন। গ্রুপ গঠনের পরিবর্তনে আপনার কিছু ভিত্তি থাকবে। উদাহরণস্বরূপ—

- পূর্বগ্রুপের প্রণালী।
- নূতন পরিস্থিতি।
- কার্যক্রমের প্রকৃতির পরিবর্তন।
- উদ্ভাবনের জন্য একটি প্রচেষ্টা।

সন্দেহ নেই পূর্বের গঠিত গ্রুপে পরিবর্তন এনে আপনি আপনার দায়িত্ব বাড়াচ্ছেন। কিন্তু আপনি আপনার বিষয়ের প্রতি আপনার সচেতনতা এবং সততার প্রদর্শন করছেন।

আপনার উন্নতি যাচাই করুন—3

1. কর্মশিক্ষার সঙ্গে সম্পর্কিত বিভিন্ন কার্যক্রম সংঘটিত করার জন্য কোন গ্রুপ গঠন করা প্রয়োজন?

----

2. গ্রুপ গঠন করার সময় কি কি গুরুত্বপূর্ণ কারণ মনে রাখতে হবে?

----

3. একই অভিজ্ঞতা সম্পন্ন শিশুদের নিয়ে গ্রুপ গঠন করা কি যথাযথ? কারণ দাও।

13.3.1 সময় বরাদ্দ :

প্রতিটি কার্যকলাপের জন্য সময় প্রকৃতি, তার উদ্দেশ্য এবং প্রত্যাশিত ফলাফলের ভিত্তিতে বরাদ্দ করা যেতে পারে। এটার প্রয়োজন নেই যে প্রতিটি কার্যকলাপের সমস্ত পর্যায় বিদ্যালয়ে সঞ্চালিত হতে হবে। এমন কিছু কার্যকলাপ যা শিক্ষকের প্রদর্শনের সাথে শুরু হতে পারে এবং তারপর তাদের সুবিধা অনুযায়ী তাদের বাড়ি বা সম্প্রদায়ের মধ্যে অভিজ্ঞতা হতে পারে।

সময় সংক্রান্ত গুরুত্বপূর্ণ পয়েন্ট ছিল যা বছরের/সেশনের কোন্ অংশে করা হবে। এই পয়েন্ট স্থিরীকরণ নির্ভর করবে কার্যকলাপ এবং স্কুল ও সম্প্রদায়ের প্রয়োজনের প্রকৃতির উপর।

আপনি কর্মশিক্ষার শিক্ষকের ক্ষমতায় একটি প্রকল্প পরিকল্পনা নির্দিষ্ট সেসনের মাসের মধ্যে করতে পারেন। অতিরিক্ত কার্যকলাপ কি হওয়া উচিত এবং এর কোন্‌গুলি কর্মশিক্ষার পরিকল্পনার অংশ হতে পারবে।

1. নুককাদ সভায় পিতামাতাকে ব্যক্তিগতভাবে সাক্ষাৎ বা আমন্ত্রণ জানিয়ে ফিডার কলোনীতে ভর্তি সংক্রান্ত তথ্য দেওয়া যেতে পারে।

2. ভর্ত্তির সময় কিছু বিশেষ ব্যবস্থা করা হয়। উদাহরণস্বরূপ স্কুলের প্রধান গেটে নির্দেশনা প্রদানের সাথে সম্পর্কিত কাজ পিতা-মাতার বসার ব্যবস্থা, অসাক্ষর পিতামাতার ভর্তি ফর্মপূরণে সহায়তা করে, সকলের জন্য পানীয় জলের ব্যবস্থা করে। সম্ভবত অনেক কাজ শিক্ষা পোগ্রামের কথা বিবেচনা করা যেতে পারে।

3. এপ্রিলের পর মে এবং জুন মাসে গ্রীষ্মের ছুটি রয়েছে। আপনি শিক্ষার্থীদের জন্য নির্ধারিত টাস্ক সম্পর্কে পরিকল্পনা করতে পারেন। গৃহকাজ হিসাবে অনেক কার্যকলাপ ছাত্রছাত্রীদের দেওয়া যেতে পারে যেমন- বীজসংগ্রহ, আখের বীজ দিয়ে হেরবেইরিয়াম তৈরী করা, আম দিয়ে পানীয় তৈরী করা, বিভিন্ন আমের জাতকে জানা, দশদিন ডায়েরি লেখা, ভাঙা জিনিসপত্র সংগ্রহ করা।

4. গ্রীষ্মবকাশের পর জুলাই মাসে স্কুল খোলে। এখন, আপনার স্কুলের কার্যক্রম এবং জুলাই এর আবহাওয়া অনুসারে আপনার অনেক পরিকল্পনা আছে। আপনি ছাত্রছাত্রীদের শারীরিক এবং মানসিক সামর্থ্য অনুযায়ী কোন পরিকল্পনা নির্ধারণ করতে পারেন। যেমন—নতুন

প্রবেশকদের স্বাগত অনুষ্ঠানের আয়োজন করে। (নূতন ভর্ত্তি হওয়া ছাত্রছাত্রীদের অনাড়ম্বরভাবে স্বাগত জানানো)।

5. জুলাই মাসে বৃষ্টি হয়। জায়গা পাওয়ার ভিত্তিতে আপনি ছাত্রছাত্রীদের চাষের কাজ করাতে পারেন। আপনি কিছু কাজকর্মের কথা চিন্তা করতে পারেন। বৃষ্টির পর আর্দ্রতা থেকে রক্ষা করার উপায়, শস্যাদি ভাঁড়ারজাত করা, বস্ত্র ইত্যাদি রক্ষা করা।

   এই মাসে বিশ্বজন দিবস পালন করা হয় ১১ জুলাই। এই দিনটির উদ্দেশ্যের কথা মনে রেখে অনেক কার্যক্রমের আয়োজন করা যেতে পারে। উদাহরণ—

   ১। সচেতনতা সমাবেশ। নাটক এবং সভার আয়োজন

   ২। জনসংখ্যা সম্বন্ধে স্লোগান লেখা।

6. আগস্ট মাস স্থানীয় এবং জাতীয় উৎসবের মাস। উৎসবের প্রকৃতি অনুসারে রাঁখী তৈরী, জাতীয় পতাকা তৈরী, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।

13.3.2 জায়গা বরাদ্দ :

কর্মশিক্ষার সম্পর্কিত পরিকল্পনার সকল আয়োজনের জন্য উপযুক্ত জায়গার গুরুত্ব অনেক। কর্মশিক্ষার কার্যক্রম প্রাথমিক পর্যায়ের শিশুদের জন্য সহজ এবং আনন্দদায়ক। তারা কাজের অবস্থার পর্যবেক্ষন এবং প্রাথমিক কার্যক্রম এবং পরিবেশ পাঠের উপযোগী। আপনি যদি এই ঘটনাটি বুঝে থাকেন তাহলে জায়গা বরাদ্দের ব্যাপারে কোন সমস্যা থাকে না। আমরা যদি কার্যের পর্যবেক্ষণ, পরিবেশ পাঠকে যুক্ত করি তাহলে নিঃসন্দেহভাবে আমাদের কাজের জায়গা হবে শ্রেণীকক্ষের পরিবর্তে বসতির কোন একটি অংশ উদাহরণ—

- সম্প্রদায়ের জলের কল।
- কুম্ভকারদের কাজের জায়গা।
- সভা প্রস্তুত কারকদের কাজের জায়গা।
- সবজি বিক্রেতা, হকার
- দরজির দোকান।
- পোষ্ট অফিস, ব্যাঙ্ক, রেশন দোকান।
- খাদ্য সংরক্ষণ কেন্দ্র।
- সম্প্রদায় কেন্দ্র।
- অঞ্চল উন্নয়ন কেন্দ্র।

নোট

- বয়স্ক ও প্রথাবহির্ভূত শিক্ষাকেন্দ্র।
- পার্ক, মাঠ, বাগান এবং ফুলের শয্যা।
- বিশেষ সুবিধাদায়ক কেন্দ্র বঞ্চিত গ্রুপ যেমন-দৃষ্টিহীনদের বিদ্যালয়, বার্ধক্য আশ্রম, ক্রেচ।
- বাজার, সুপার মার্কেট।
- কুটির শিল্প।
- সাপ্তাহিক বাজার।
- সময়ে সময়ে মেলার ব্যবস্থা জায়গা প্রসঙ্গে কিছু গুরুত্বপূর্ণ পয়েন্ট—

1. বিদ্যালয় থেকে কাজের জায়গার দূরত্ব—যদি কাজের জায়গা বিদ্যালয় থেকে দূরে হয় তাহলে সময় এবং শক্তির অপচয় হয়। কাজেই কাজের জায়গা কাছাকাছি হওয়াই পছন্দ।
2. ভৌগোলিক এবং সামাজিক অবস্থা—ভৌগোলিক মানে আবহাওয়ার পরিস্থিতি। অতিরিক্ত ঠান্ডা, গরম বা দৃষ্টিবহুল আবহাওয়ায় শিশুদের বাইরে নিয়ে যাওয়ার সময় সতর্ক হবেন। স্বাস্থ্য এবং নিরাপত্তা আপনার কাছে চিন্তার বিষয়। সামাজিক অবস্থার অর্থ—কাছাকাছি বিশেষ ঘটনা ঘটা (দুঃখজনক অথবা কমিক) রাজনৈতিক সমাবেশ, বিবাহ, ধর্মীয় অনুষ্ঠান, দাঙ্গা ইত্যাদি ভ্রমনের পক্ষে উপযুকএত নয়।
3. ছাত্রছাত্রীর সংখ্যা—আপনার পরিকল্পনায় ছাত্রছাত্রীদের সংখ্যা উপেক্ষণীয় নয়। কত ছাত্রছাত্রীদের ভ্রমনে নিয়ে যাওয়া হবে তা বিবেচনা করা গুরুত্বপূর্ণ। আপনি একা কি শিশুদের নিয়ে যাবেন?

আপনার উন্নতি যাচাই করুন—4

1. কর্মশিক্ষার কার্যক্রম আয়োজন করার সময় বরাদ্দ বলতে কি বোঝ?

2. শীতকালে অষ্টম শ্রেণীর ছাত্রদের জন্য যে কোন তিনটি কার্যক্রম লেখ।

নোট

3. কর্মশিক্ষার কার্যক্রম আয়োজন করার সময় আপনি কি কি বিষয় মনে রাখবেন?

13.4 বিভিন্ন ক্লাসের কর্মশিক্ষার জন্য পরিকল্পনা অধিবেশন :

কর্মশিক্ষার সঙ্গে সম্পর্কিত কার্যক্রমের পরিকল্পনাকালে নিম্নলিখিত বিষয়গুলি কেন্দ্রবিন্দুতে থাকা উচিত—

- শিশুদের আত্মপ্রকাশের সুযোগ দেওয়া।
- পরিবেশ পর্যবেক্ষণ এবং আগ্রহ জাগানোর সুযোগ দেওয়া।
- তাদের রুটিন কার্যক্রম ঠিক ঠিক ভাবে করার জন্য তাদের সাহায্য করা।
- পরিবেশ সংরক্ষণ বিষয়ে তাদের মধ্যে সচেতনতা আনা।
- বিভিন্ন কর্মধারা থেকে প্রাপ্ত অভিজ্ঞতা একীভূত করতে সাহায্য করা।
- দৈনন্দিন সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় প্রাথমিক দক্ষতা অর্জনে শিশুদের সাহায্য করা।
- অন্যকে সাহায্য করা এবং দলবদ্ধ হয়ে বাস করার জন্য ইতিবাচক দৃষ্টিভঙ্গির বিকাশ ঘটানো।

13.4.1 মৌলিক চাহিদার আরোও ভালো পরিপূরক সম্পর্কিত কার্যক্রম :

এই ক্ষেত্রে নিম্নলিখিত পরিকল্পনা প্রোগ্রাম যুক্ত করা যেতে পারে।

1. **স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিজ্ঞান—**

ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা এবং প্রত্যহ প্রয়োজনীয় জিনিসের রক্ষণাবেক্ষণ সম্বন্ধে সচেতনতা।

- বই এবং নোট বই বাঁধাই।
- বাড়িতে এবং বিদ্যালয়ে পরিচ্ছন্নতা বজায় রাখা।
- মেরামত কাজ, বই র‍্যাক, কার্পেট, পোস্টার, ক্যালেন্ডার, কার্ট অথবা অন্য ছবি।

2. **খাদ্য ও কৃষি—**

- বিভিন্ন বীজ চেনা, বনজাত পন্য, সার ও মাটি চেনা।
- কৃষিতে ব্যবহার্য যন্ত্রপাতি, কৃষিজাত পন্য এবং সার চেনা।
- কম্পোস্ট পিট, ফুল, প্লান্ট বেড তৈরী করা, ভালো জাতের বীজ, বীজ বপন ইত্যাদি।
- গাছের যত্ন নেওয়া এবং রক্ষণাবেক্ষণ করা।

নোট

- খাদ্য ও ফল সংরক্ষণ।
- চা, কফি এবং জলজিরা প্রস্তুত করা।
- মাটির কলসী, মাটির ড্রাম এবং ভাস দিয়ে কুলার তৈরী।
- প্লাস্টিক, পাট এবং দড়ি দিয়ে দোলনা তৈরী করা।

3. **বাসস্থান—**

মোজার সাহায্যে বোতল ব্রাশের প্রস্তুতি, বাসন পরিষ্কারের জন্য বিভিন্ন অব্যবহার্য জিনিস যেমন ঘাস, নারকেল ছোপড়া, লাউ এর ছাল, পাতলা তার এবং জাল দিয়ে ন্যাতা তৈরী করা।

- র‍্যাক, টেবিল, চেয়ার, টুল, বিছানা, ট্যাপ ইত্যাদি মেরামত।

4. **জামাকাপড়—**

- টিভি, বাক্স ইত্যাদির জন্য ঢাকা তৈরী করা।
- পুতুল এবং কার্পেট তৈরী করা শেখা।
- ফেলে দেওয়া উলের টুকরো, ছেঁড়া কাপড়, পাট দিয়ে পাপোষ এবং আসন তৈরী করা।

13.4.2 পরিবেশের সৌন্দর্যায়ন সম্পর্কিত কার্যক্রম :

1. **ব্যবহার্য জিনিস তৈরী করা—**

- কলম, পেনসিল দানি, পিন দানি, চিঠির বাক্স অথবা হাত পাখা তৈরী করা।
- মুখোশ তৈরী করা।
- বিদ্যালয়ের ডিসপ্লে বোর্ডের জন্য উপকরণ প্রস্তুত করা।
- মাটির বাসনপত্র ভাঙা বালা বা অন্য কোন উপকরণ দিয়ে সাজান।
- মাটির খেলনা তৈরী করা।

2. **সাজানোর জন্য উপকরণ তৈরী কর—**

- কাপড়ের টুকরো, পাতলা রঙিন কাগজের টুকরো, তার মুক্তো অথবা সুতো দিয়ে ফুল তৈরী করা।
- মাটির বাসনপত্র সাজান।
- বিভিন্ন জিনিসপত্র যেমন মাটির খেলনা, পাখি এবং জন্তু জানোয়ার তৈরী করা।
- পাটের দড়ি, দড়ি, প্লাস্টিক দড়ি ইত্যাদি দিয়ে মজ্জা সামগ্রী বানানো।
- পুরাতন উল দিয়ে মাদুর তৈরী করা।
- বাঁশের ফুলদানি তৈরী করা।

13.4.3 সম্প্রদায়ের সেবা সংক্রান্ত কার্যক্রম :

- কাছাকাছি লোকালয়ে পরিচ্ছন্নতা অভিযানে অংশগ্রহণ।
- উৎসবের সময় সাজানোতে অংশ গ্রহণ করা।

নোট

- তাদের সামর্থ্য অনুযায়ী বিদ্যালয়ে পরিষ্কার করার কাজে অংশগ্রহণ করা।
- প্রতিবন্ধী মানুষদের দৈনন্দিন কাজে সাহায্য করা।

13.4.4 সাংস্কৃতিক ঐতিহ্য এবং জাতীয় সংহতি সম্পর্কিত কার্যক্রম :

- বিভিন্ন রাজ্যের মানুষদের খাদ্যাভাস এবং জীবনশৈলী অন্বেষণ করা।
- বিভিন্ন জায়গায় হস্তশিল্প সম্বন্ধে তথ্য সংগ্রহ করা।
- বিভিন্ন বাদ্যযন্ত্র, নাচের ছবি সংগ্রহ করা।
- জাতীয় উৎসব যেমন স্বাধীনতা দিবস এবং প্রজাতন্ত্র দিবস ইত্যাদি উদ্‌যাপন এবং জানা।
- জাতীয় পতাকার মতো বিভিন্ন জাতীয় প্রতীকের ছবি তৈরী করা।

13.4.5 পরিবেশ সচেতনতা সম্পর্কিত কার্যক্রম :

- পরিবেশ দূষণ সম্পর্কিত খবর এবং ছবি সংগ্রহ করা।
- পরিবেশ দূষণের কারণ সম্পর্কিত ছবি বুলেটিন বোর্ডে প্রদর্শন করা।
- পরিবেশ দূষণ সম্বন্ধে শ্লোগান তৈরী করা এবং সেগুলিকে প্রদর্শন করা।
- পরিবেশ দূষণের ক্ষতিকর ফল সম্পর্কিত চার্ট তৈরী করা।
- বনমহোৎসব ও বৃক্ষরোপণ অনুষ্ঠানগুলিতে অংশ গ্রহণ করা।

আপনার উন্নতি যাচাই করুন—5

1. পরিবেশের সৌন্দর্যায়ন সম্পর্কিত তিনটি ক্রিয়াকলাপ লিখুন।

----

2. সম্প্রদায়ের সেবা সম্পর্কিত ক্রিয়াকলাপের একটি তালিকা প্রস্তুত করুন (অন্তত তিনটি ক্রিয়াকলাপ ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর জন্য)

নোট

13.5 প্রাথমিক শিক্ষার প্রসঙ্গে কর্মশিক্ষার জন্য উপকরণ সংগ্রহ ও সমন্বয় :

কর্মশিক্ষা সম্বন্ধে আপনার বোধগম্যতাকে এইভাবে বলা যায় যে এটা একটি অর্থপূর্ণ, উদ্দেশ্যপূর্ণ কাজভিত্তিক কার্যক্রম। তার ফলাফল পণ্য আকারে বা সেবা আকারে দেখা হয়। সেবা সম্পর্কিত ফলাফলের জন্য সামাজিক অবস্থা এবং পরিবেশ সবসময় পাওয়া যায়। কিন্তু যখন কোন জিনিস প্রস্তুত প্রসঙ্গ আসে, তখন শিক্ষক/শিক্ষিকা হয় ছাত্রদের বলেন তাদের বাড়ি থেকে উপকরণ আনতে অথবা বিদ্যালয়ের কাছে তহবিল দাবী করেন।

আপনার শ্রেণীতে কিছু ছাত্রছাত্রী আছে যারা উপকরণ কিনতে সমর্থ নয়, তারা বিদ্যালয়ে যেতে অনিচ্ছুক হয়। আপনি নিজেকে প্রশ্ন করুন কর্মশিক্ষার জন্য জিনিস তৈরী করার জন্য বাজার থেকে জিনিস কেনার প্রয়োজন কিনা। মোমবাতি তৈরীর জন্য চক, ছাচ, বাঁধনির জন্য বাসনপত্রের ন্যায় উপকরণ বিদ্যালয় কিনতে পারে। যদি বিদ্যালয় কিনতে না পারে তাহলে সমাজের সহযোগিতায় তা পাওয়া যেতে পারে। যদি এটা সম্ভব না হয়, তাহলে এটা অপরিহার্য নয়। আমরা অন্য কোন কার্যক্রমের কথা চিন্তা করতে পারি। আপনি জানেন কর্মশিক্ষার যে কার্যগুলি গ্রহণ করা হয়, তা সুপারিশ এবং প্রস্তাব করা হয়েছে কিন্তু বিধান দেওয়া হয়নি। কাজেই আপনার বিচক্ষণ তা প্রয়োগ করুণ এবং একটি কার্যক্রম বেছে নিন যার জন্য উপকরণ এবং যন্ত্রপাতি সহজেই পাওয়া যেতে পারে।

আপনি কি কখনও চিন্তা করে দেখেছেন যে বিভিন্ন জিনিসপত্র আপনার চারদিকে রয়েছে। এই সমস্ত উপকরণ ব্যবহার করার পরিকল্পনা করতে পারেন? আপনার আশেপাশে যে জিনিসপত্র পাওয়া যায় তার একটা তালিকা তৈরী করুন। অন্য এলাকায় আপনার অন্য যে সহকর্মীরা থাকেন, তাদের তালিকার সঙ্গে আপনার তালিকার তুলনা করুন, আপনি দেখবেন যে প্রত্যেক তালিকায় আপনি নতুন কিছু দেখতে পাবেন। যে উপকরণগুলি সংগ্রহ করা হল এইভাবে তা তিনটি এককে ভাগ করা যেতে পারে—

1. প্রকৃতি থেকে সহজলভ্য উপকরণ।
3. বর্জ্য উপকরণ।
3. কম দামী উপকরণ।

প্রকৃতি থেকে সহজলভ্য উপকরণ	বর্জ্য উপকরণ	কম দামী উপকরণ
গাছপালা, বাঁশ, পাতা, বীজ, ফল গাছ, ডাঁটা, গাছের ছাল, পাট নারকেলের শক্ত মালা, নারকেলের ছোপড়া, বালি, মাটি, পাথর, জল আঠা, নিম, গালা।	খালি বাক্স, পালক, কাঠ এবং হার্ডবোর্ড বাক্স ছেড়া কাপড়, পুরাতন কম্বল, পুরাতন মাদুর পুরাতন খবরের কাগজ	সাধারণ কিন্তু দরকারী সরঞ্জাম, কাচি, ছুরি স্কেল, ফিতা, আঠা মোমবাতি, কাপড় ইঞ্চি ফিতা, ওয়াশার

প্রকৃতি থেকে সহজলভ্য উপকরণ	বর্জ্য উপকরণ	কম দামী উপকরণ
	পুরাতন ম্যাগাজিন, ব্যবহৃত প্লাসটিক ব্যাগ, নরম পানীয় বোতলের ঢাকনা, ব্যবহৃত প্লাসটিক কাপ, পাতলা তার মোটা তার, দাঁতের মাজনের ঢাকনা, অব্যবহৃত কলম, পুরাতন ব্লেড, পুরাতন পোস্টকার্ড গ্রিটিং কার্ড, পুরাতন স্ট্যাম্প, পুরাতন খাম, সুতো, কর্ক, বোতাম, চেন, সাইকেল টিউব, আইসক্রীমের চামচ, ডিমের খোসা পুরাতন ঝাটা, পুরাতন ঝুড়ি ব্যবহৃত বোতাম।	পেরেক, স্ক্রু, সূতা কাঠের টুকরো, ব্রাশ রঙ, বেগুনি নীলবর্ণ কালি, বিভিন্ন ধরনের কাগজ, রেক্সিন, তার রবার।

দয়া করে তালিকাটি সতর্কভাবে লক্ষ্য করুন। আপনি দেখতে পাবেন যে সমস্ত উপকরণ আমাদের চারপাশে পাওয়া যায়। আপনি যদি ছাত্রছাত্রীদের এই ধরনের উপকরণ সংগ্রহ করতে বলেন এবং সেগুলিকে বিদ্যালয়ে আনতে বলেন, তারা খুব উৎসাহের সঙ্গে এই কাজটি করবে। এইসব জিনিসের একটি তালিকা প্রস্তুত করুন এবং উপকরণের বিস্তারিত লিখবেন যেমন কোন্ বস্তুটি সংগ্রহ করা হয়েছে, কখন করা হয়েছে, কে সংগ্রহ করেছে ইত্যাদি। যখন কোন শিশু কোন জিনিস, যেটা সহজে পাওয়া যায় না, আনলে, সেই শিশুকে সকলের সামনে তাকে সম্মান করবেন। আপনি এই রকম আকর্ষণীয় স্লোগান লিখতে পারেন সপ্তাহের মজাদার জিনিস। তাহলে ছাত্রছাত্রীরা বিভিন্ন উপকরণ সংগ্রহ করতে উৎসাহ পাবে। এটা শিশুদের মধ্যে ইতিবাচক মনোভাব গড়ে তুলবে।

1. বৈজ্ঞানিক
2. সংগঠিত উপায়ে জিনিসগুলিকে রাখা
3. আশেপাশের পরিবেশ পর্যবেক্ষণের সামর্থ্যের বিকাশ ঘটানো

এখন চিন্তা করার প্রয়োজন কিভাবে এই সংগ্রহকে যথাযথ ব্যবহার করা যায়।

পরিকল্পনার পর কার্যকলাপগুলোর সংগঠন শিশুদের শেখার আকর্ষণীয় সুযোগ দেয়। স্থির করার আগে ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন তারা সংগৃহীত উপকরণ থেকে কোন জিনিস তৈরী করতে চায়। একটি উপকরণের উৎস এবং তার ব্যবহার সম্বন্ধে আলোচনা করুন। কেউ কেউ পরিবেশ পাঠ এবং বিজ্ঞান সম্বন্ধে এই আলোচনায় বলতে পারেন। একই সময়ে ঐ উপকরণটির

আরও অনেক ব্যবহার, আলোচনা হতে পারে। আপনি আগেই জেনে গেছেন যে একই উপকরণ দ্বারা অনেক জিনিস তৈরী করতে পারা যায়। নিচে একটি তালিকা আছে যা বিভিন্ন বিদ্যালয় থেকে সংগ্রহ করা। এর থেকে দেখা যায়, নানা জিনিস একই ধরনের উপকরণ থেকে তৈরী করা যায়।

13.6 উপকরণ এবং যন্ত্রপাতির স্টোরেজ এবং ম্যানেজমেন্ট :

আপনি অবশ্যই অভিজ্ঞতা লাভ করেছেন যে নানারকম দামী যন্ত্রপাতি ল্যাবে আছে। বিশেষত, সরকারী বিদ্যালয়গুলিতে। যেখানে ব্যবহার করার মতো উপকরণের কোন অভাব নেই, তা সত্ত্বেও শিশুরা প্রাক্‌টিক্যাল কাজ করতে পারে না। নিম্নলিখিত কারণের জন্য—

- যন্ত্রপাতিগুলি ঠিক ঠিক কাজ করে না।
- উপকরণগুলি নিম্নমানের

আপনি কখনও এর কারণগুলি ভেবেছেন?

আপনি ঠিকই ভেবেছেন, একমাত্র কারণ যন্ত্রপাতিগুলি সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা হয় না। সেগুলেকে ব্যবহার করা হয়। এটা চিন্তা করার প্রয়োজন যে তাদের উপকরণ এবং যন্ত্রপাতি আমাদের অধিকারে। এগুলোর যত্ন, ম্যানেজমেন্ট এবং স্টোরেজ করার জন্য একই দক্ষতা এবং অনুভূতি প্রয়োজন, যেমনভাবে আমাদের বাড়িতে আমরা পরিচালনা করি।

কর্মশিক্ষার জন্য যে সমস্ত যন্ত্রপাতি কেনা হয়েছে সর্বপ্রথম তার একটি তালিকা তৈরী করতে হবে এবং স্টক রেজিষ্টারে কলম অনুযায়ী লিখে রাখতে হবে। পরিচালনার জন্য কেবল এইটাই যথেষ্ট নয়, নিচের বিষয়গুলি মনে রাখা উচিত।

1. প্রয়োজন অনুসারে উপকরণ ও যন্ত্রপাতি সহজে পাওয়ার ব্যবস্থা করুন। সহজে পাওয়ার অর্থ উপকরণ ও যন্ত্রপাতি ব্যবহারে কোন দ্বিধা থাকা উচিত নয়। অনেক বিদ্যালয়ে অনেক জিনিসপত্র ব্যবহার করা হয় পাছে তা ভেঙে যায়। অধিকাংশ যন্ত্রপাতি ব্যবহার না করে ব্যবহারহীন ভাবে রাখা হয়। এটা আশা করা যায় যে, আপনি এটা করবেন না।

2. যখনই সেগুলিকে ছাত্র/ছাত্রীদের দেওয়া হবে, তাদেরকে প্রধান ব্যাপারটা জানানো উচিত যে তারা সতর্কভাবে এটা ব্যবহার করবে।

3. এটাকে পুরাতন তুলোর কাপড়/ছেড়া কাপড় দিয়ে মোছার পর সেগুলিকে রাখা/প্যাক করে রাখা উচিত।

4. উপকরণ ও যন্ত্রপাতি যেখানে স্টোর করে রাখা হয়, সেই জায়গার যত্ন নেওয়া উচিত। আপনি জানতে চাইবেন সেই জায়গা—আলমারি, ব.

াক্স, টেবিল ইত্যাদি যেখানে উপকরণ অথবা যন্ত্রপাতি রাখতে হবে, সেই জায়গাটি পরিষ্কার কিনা। ধূলা সরানো আবশ্যক।

5. যদি কোন কারণে যন্ত্রপাতি ব্যবহার করা না হয়, তাহলে সেগুলিকে সময় সময় পরিষ্কার করা আবশ্যক। সেগুলিকে অবশ্যই সূর্যোলোকে রাখতে হবে—যেমন প্রয়োজন হবে।

নোট

6. কিছু যন্ত্রপাতিতে তেল দেওয়া দরকার। কাজেই, এটা নিশ্চিত হন যে সঠিক সময়ে উপযুক্ত পরিমাণে তাতে তেল দেওয়া হয়েছে।

7. সাধারণভাবে দেখা যায় যে, যন্ত্রপাতিতে সামান্যতম সমস্যা থাকলে ও বলা হয় সেটি ব্যবহারযোগ্য নয়। সম্ভবত, এই প্রবণতা থেকে আপনি বিরত থাকবেন। কারিগরের সঙ্গে আলোচনা করে আপনি সিদ্ধান্ত নেবেন এটাকে পুনঃব্যবহার করা হবে না ফেলে দেওয়া হবে।

8. এটা আশা করা হয় যে, সাধারন ভাণ্ডার ক্ষেত্রে আপনি মেরামত করার দক্ষতা অর্জন করবেন এবং আপনার ছাত্রছাত্রীদের একই দক্ষতার উন্নতি ঘটাবেন যাতে করে তারা প্রয়োজন হলে যন্ত্রপাতি মেরামত করতে পারে।

আপনার উন্নতি যাচাই করুন—7

কর্মশিক্ষায় ব্যবহৃত উপকরণ সম্বন্ধে নিচে দেওয়া বিবৃতিতে () মার্ক করুন :

1. কর্মশিক্ষার প্র্যাকটিকাল কাজের জন্য অনেক যন্ত্রপাতি এবং উপকরণ কেনা আবশ্যিক।

----

2. পরিবেশে পাওয়া যায় এমন উপকরণের আবিষ্কার এর শ্রেণীতে তার ব্যবহার সৃষ্টিশীলতার একটি লক্ষণ।

----

3. যদি বিদ্যালয় যন্ত্রপাতি না কেনে, প্র্যাকটিক্যাল কাজ বাতিল করা উচিত।

----

4. যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য এটা গুরুত্বপূর্ণ যে, সেগুলিকে ছাত্রদের দেওয়া হবে না।

----

5. সামান্য যান্ত্রিক সমস্যার ক্ষেত্রে কেবলমাত্র বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ করা উচিত।

13.7 আন্তঃবিষয় শিক্ষার ক্ষেত্রে অভিজ্ঞতা প্রদানের পদ্ধতি :

1964-66 সালের কমিশন শিক্ষার একাডেমিক কোর্সে একটা বড় পরিবর্তনের প্রয়োজন বুঝতে পেয়েছিল। গান্ধীজি উৎপাদনমূলক কাজ শিক্ষার মাধ্যম হিসাবে শিক্ষা পদ্ধতিতে আবশ্যিকভাবে যুক্ত করার কথা বলেছিলেন। তাঁর মতে গণিত, বিজ্ঞান, পরিবেশ, ইতিহাস, ভূগোল ও সিভিকস্ ইত্যাদির মতো বিষয় ছুতোরমিস্ত্রির কাজ, রাজমিস্ত্রির কাজ, চাষ, মুদ্রণ এবং অন্যান্য উৎপাদনমূলক কাজগুলির মাধ্যমে শেখানো উচিত। তিনি কাজকে দূর সামাজিক পরিবর্তনের শিক্ষা পদ্ধতির সঙ্গে যুক্ত করতে বলেছিলেন। এর অর্থ তাত্ত্বিক জ্ঞান পৃথকভাবে কোন জিনিস/ঘটনা বা ঘটেছে সম্পর্কিত তাত্ত্বিক জ্ঞান শেখানোর পরিবর্তে কাজের মাধ্যমে এটা ব্যাখ্যা করা উচিত।

এই বিষয়টি বুঝতে গেলে নিচে গান্ধীজির বিবৃতিটির প্রতি মনোযোগ দিতে হবে—

“...আমাদের উদ্দেশ্য হল যে, ব্যক্তিগত বুদ্ধির বিকাশের সঙ্গে পেশাগত এবং হস্তশিল্পের বিকাশ হওয়া উচিত। কাজেই, আমি বিশ্বাস করি যে, কেবলমাত্র পেশাগত এবং হস্তশিল্পের শিক্ষা দেওয়ার পরিবর্তে সামগ্রিক শিক্ষার মাধ্যমে দেওয়া উচিত। উদাহরণস্বরূপ কেবলমাত্র স্পিনিং সুঁচের কথা ধরা যাক, স্পিনিং সুঁচ-এর মাধ্যমে তারা কি শিখবে, তারা সুতোর ইতিহাস, লাঙ্কাশায়ার এবং সমগ্র ব্রিটিশ সাম্রাজ্য সম্বন্ধে শিখতে পারবে। কেমন করে স্পিনিং সুঁচ কাজ করে? এর ব্যবহার কী? এর মধ্যে কোন শক্তি সুপ্ত আছে—এইভাবে শিশুরা কাজ করার সঙ্গে সঙ্গে শিখতে পারবে। তারা একটু গণিতজ্ঞ শিখতে পারবে, যখন তাকে প্রশ্ন করা হবে স্পিনিং নিডিলের চারদিকে কতখানি সুতো ঘোরানো আছে এবং কতবার স্পিনিং নিডিলটি ঘুরেছে। এইভাবে সে ধীরে ধীরে গণিতে দক্ষ হয়ে উঠবে। এতে সবচেয়ে আকর্ষণের বস্তু এই যে তার কোন মানসিক চাপ থাকবে না।

1937 সালে ওয়ারর্ধাতে অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে গান্ধীজির বক্তৃতার একটি অংশ।

গান্ধীজির বক্তব্যের মাধ্যমে আপনার নিকট এ স্পষ্ট হতে পারে যে, শিক্ষার সঙ্গে সম্পর্কিত কার্যক্রমগুলির সংগঠন করা উচিত এবং এটি ভিন্নভাবে সংগঠিক করার পরিবর্তে অন্যান্য বিষয়গুলির সাথে সহ সম্পর্কযুক্ত দ্বারা হতে হবে।

নিম্নে বিভিন্ন বিষয়ের সঙ্গে কর্মশিক্ষা সম্পর্কিত কাজগুলি যুক্ত করার পরামর্শ নীচে দেওয়া হল :

13.7.1 ভাষা :

ভাষা সম্পর্কে নিম্নলিখিত পয়েন্টগুলি মূল্যবান মনে করা হতে পারে।

- দক্ষ কাজের বিষয়ে অভিব্যক্তি লেখা।
- যথাযথ শব্দ এবং সরলবাক্য ব্যবহার।
- সংগঠিত পদ্ধতিতে ধারণার উপস্থাপন।
- যোগাযোগের জন্য আকর্ষণীয় এবং অর্থপূর্ণ খেতাবের প্রস্তাব।
- সংক্ষিপ্ত এবং সরলবাক্যে প্রতিবেদন তৈরী করা।
- সম্মিলিতভাবে অভিজ্ঞতাগুলি লেখা।
- শব্দভাণ্ডারের সমৃদ্ধি।
- বাগধারার ব্যবহার।
- প্রসঙ্গে ব্যাকরণের ব্যবহার/ব্যাকরণ সম্পর্কিত প্রাসঙ্গিকতা।

13.7.2 গণিত :

কর্মশিক্ষা সম্পর্কিত কার্যক্রম গণিত বিষয়ে, জ্ঞান লাভের সহায়ক।

1. যখন ব্ল্যাকবোর্ডে রং করা হয়, তখন মনোযোগ দিন—

- এলাকা, দৈর্ঘ্য এবং প্রস্থ অনুসারে ব্যয়।
- সময়কালের পূর্বাভাস।
- মানবশক্তি/শ্রমের ব্যয়।

2. বিভিন্ন জ্যামিতিক আকারের জ্ঞান।
3. একটি জিনিস প্রস্তুত করার পর এর মূল্যের হিসার।
4. মাপার দক্ষতা।
5. সংখ্যার জ্ঞান এবং বোধশক্তি।
6. মাপার এককের বোধশক্তি এবং এর থেকে অন্যতে রূপান্তরের ক্ষমতা।
7. সূদ, মূলধন সম্বন্ধে ধারণাগুলির যোগদান।

13.7.3 পরিবেশ পাঠ, সমাজ বিজ্ঞান এবং ইতিহাস ইত্যাদি :

প্রত্যেক কাজ এবং পদ্ধতির একটি মহান ইতিহাস আছে। বই-এর মাধ্যমে জ্ঞান লাভের চেয়ে ঐ কাজের ঐতিহাসিক গুরুত্বের জ্ঞানলাভ বেশী গুরুত্বপূর্ণ এবং অর্থবহ। কর্মশিক্ষার অধীনে কার্যক্রমের সম্পাদন সামাজিক, সাংস্কৃতিক এবং ইতিহাস বিষয়ে কম এবং গভীর বোধশক্তির বিকাশ হবে। উদাহরণস্বরূপ—

- কৃষিকাজে ব্যস্ত জনগণের জীবনশৈলী।

নোট

- প্রয়োজন এবং যোগানের মধ্যে সম্পর্ক।
- মানুষ ও পশুর জীবনের মধ্যে সম্পর্ক।
- শিল্প এবং পরিবেশ।
- দ্রব্যাদি সৃষ্টিতে শ্রমের গুরুত্ব।
- স্থিরীকৃত হার/মূল্য।
- জাতি এবং ধর্ম।

কাজ করতে করতে বৈজ্ঞানিক নীতিগুলি বুঝতে পারা যায়। উদাহরণস্বরূপ—কিভাবে pully কাজ করে। লিভার এবং আলম্বের নীতি কি? ভেজানোর পর ডাল রান্না করার সুবিধা কি? সুষম খাদ্য সম্পর্কে অতীত মান মানে কি?

এখানে কয়েকটি পয়েন্টের সুপারিশ করা হয়। একটি গ্রুপে আপনি এইরকম অনেক নীতির তালিকা প্রস্তুত করতে পারেন যেগুলি কর্মশিক্ষার মাধ্যমে বোঝা যেতে পারে।

আপনার উন্নতি যাচাই করুন—8

1. পাঠক্রমে স্পিনিং স্টিকের কাজের মধ্যে দিয়ে কোন পয়েন্ট-এর বোধশক্তির বিকাশ ঘটে?

2. ভাষা সম্পর্কিত যে কোন চারটি দক্ষতার সুপারিশ করুন যেগুলি দক্ষতা করা যেতে পারে কর্মশিক্ষার অধীনে যে কোন একটি কার্যক্রমের মাধ্যমে।

13.8 কর্মশিক্ষার সম্পর্কিত শিক্ষণ শিখন পদ্ধতি :

কর্মশিক্ষার কার্যক্রম সংগঠনের পদ্ধতি কি অথবা অনেক কারণের উপর ভিত্তি করে স্থিরীকৃত কি ধরনের পদ্ধতি থাকা উচিত। নিম্নলিখিত পয়েন্টগুলি এই স্থিরীকৃত কারণগুলিতে যুক্ত করা হয়।

- কর্ম অভিজ্ঞতার গঠন এবং উদ্দেশ্যগুলি সম্বন্ধে আমাদের ধারণা কি?
- আমাদের মতামত কেমন করে শিশুরা ব্যবহার করে, কেমন করে তারা শেখে এবং তাদের ব্যবহারের পথ কেমনভাবে বিকশিত হয়।

নোট

- সর্বাধিক ব্যক্তিত্বের সম্মুখীন বা কাজটি সম্পূর্ণ করার জন্য প্রত্যেক শিশুকে সুযোগ দেওয়ার ব্যাপারে আমাদের মূল্যগুলি কি?
- উপরোক্ত প্রশ্নের উত্তর আপনাকে কর্মশিক্ষা পদ্ধতির গঠন নির্ণয়ে সহায়তা প্রদান করে। ভালোভাবে জানেন যে, শিশুদের সুযোগ দেওয়া হয় কর্মশিক্ষার অধীনে কাজ করার দ্বারা শিখেছে। ঐ কাজ সম্পর্কিত অভিজ্ঞতা তারা লাভ করবে না যতক্ষণ না পর্যন্ত তারা এটা নিজে নিজেই করবে। কাজেই, কর্ম অভিজ্ঞতা ভিত্তি পদ্ধতিতে সক্রিয় অংশ গ্রহণে সাধারণ সুযোগ আছে। কিছু কর্ম অভিজ্ঞতাভিত্তিক পদ্ধতি নিম্নরূপ :

13.8.1 পর্যবেক্ষণ/পদ্ধতি :

আমরা সকলেই জানি যে প্রত্যেক শিশুর আবিষ্কার করার একটি প্রবণতা আছে। তারা প্রাকৃতিক নিয়মে কৌতুহলী। তারা সবসময় তাদের আশেপাশে, যে ঘটনা ঘটে তা জানতে কৌতুহলী হয়। তারা অনুভব করে যে তাদের সব জানা উচিত। কর্ম অভিজ্ঞতার পর্যবেক্ষণ পদ্ধতি এই --- প্রবণতা ভিত্তিক। এই পদ্ধতি আমরা দুটি উপায়ে ব্যবহার করতে পারি।

- ছাত্রছাত্রীদের বলা কোন ঘটনা, বস্তু অথবা সামাজিক-সাংস্কৃতিক ঘটনা পর্যবেক্ষণ করতে এবং তাদের জ্ঞান ও বোধশক্তির বিকাশ করতে।
- সামাজিক পরিবেশে এবং কাজের জায়গায় অর্থনৈতিক ক্রিয়াকলাপ পর্যবেক্ষণ করে তারা অভিজ্ঞতা অর্জন করতে পারে। যতদূর সামাজিক-সাংস্কৃতিক ঘটনা সম্পর্কিত, শিশুদের কোন নির্দেশনা দেওয়া হয় না, কিন্তু সেসন এমনভাবে সংগঠিত হয় যে পরিদর্শন করা ঘটনাগুলি এবং কার্যক্রমগুলি শ্রেণীতে বর্ণনা করা হয় এবং শিশুরা মতামত ব্যক্ত করে। যদিও, এই প্রশ্ন অর্থনৈতিক বোধশক্তি দেখায় কারণ প্রত্যেক জীবন সম্পর্কিত ঘটনা কর্মশিক্ষার বিষয়ভুক্ত এলাকা।

13.8.2 প্রদর্শন পদ্ধতি :

শিশুরা কীভাবে ব্যবহার শেখে? এই প্রশ্নের একটি সহজ উত্তর আছে—তার একই জিনিস করে, যেটা তারা দেখে বা তাদের বড়দের কাছ থেকে তাদের পর্যবেক্ষণ শক্তি দিয়ে শেখে। শুধু বড়রা কেন? তারা এমনকি যা তারা তাদের সঙ্গীদের কাজ করা লক্ষ্য করে, তা তাদের প্রতিদিনের রুটিনে আনে।

উপরে পয়েন্টে মনোযোগ দিন, ‘‘তারা যা পর্যবেক্ষণ করে’’ এর অর্থ যা প্রদর্শিত হয় তারাও শিখতে চেষ্টা করে।

কর্মশিক্ষার এই পদ্ধতি এগিয়ে যায় সাধারণ থেকে নির্দিষ্ট দিকে। এর অর্থ একটি নির্দিষ্ট কার্যক্রমের পদ্ধতি শিক্ষার্থীদের সামনে প্রদর্শন করা হয়। কার্যক্রমের প্রদর্শনের সঙ্গে ঐ কার্যক্রমের সম্পর্কিত নিয়মের বৈধতা ও উদাহরণের সাহায্যে প্রমাণিত হয়। এই পদ্ধতি অনুসরণের জন্য নিম্নের পর্যায়গুলি দয়া করে পর্যবেক্ষণ করুন—

- নিয়মগুলি পদ্ধতির প্রদর্শন—কাম্য নিয়মগুলি যুক্তিযুক্তভাবে বিশ্লেষণ করা হয় এবং

সেগুলিকে ছাত্রছাত্রীদের মানসিক সামর্থ্য অনুযায়ী সঠিক ক্রম অনুসারে উপস্থাপিত করা হয়।

- পদ্ধতির সঙ্গে সম্পর্কিত নিয়মগুলির মধ্যে সম্পর্ক স্থাপন। নিয়মগুলি উপস্থাপিত করার পরে তাদের মধ্যে যৌক্তিক সম্পর্ক স্থাপন করা হয়। একে এও বলা যেতে পারে বিশ্লেষণ করার পদ্ধতি। কেন করা হচ্ছে? এবং নিম্নের নিয়মগুলি প্রয়োগ করা যেতে পারে।
- উদাহরণের মাধ্যমে সমর্থন—এই পর্যায় যুক্তিসম্মত পদ্ধতির আবশ্যিক। একটি পাত্রে আপনি একটি চারাগাছ রোপন করার পদ্ধতির প্রদর্শন করেছেন। আপনি প্রদর্শন করেছেন কি করে মাটি পাউডারের মতো করা হয়, কেন এর প্রয়োজন, আপনি এই বিষয়ে প্রশ্ন করেছেন, একই সময়ে আপনার অভিজ্ঞতার ভিত্তিতে তাদেরকে উদাহরণ দিচ্ছেন।

13.8.3 ব্যবহারিক পদ্ধতি :

এই পদ্ধতিতে শিক্ষার্থীরা ব্যবহারিক পদ্ধতিতে কাজ করে একটি নির্দিষ্ট লক্ষ্য অর্জন করার জন্য। এই পদ্ধতির মধ্যে দিয়ে নূতন পরিস্থিতিতে এবং পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে কাজ করা দ্বারা শেখার নীতির উপর জোর দেওয়া হয়। যখন অনুশীলন করা সকল ইন্দ্রিয় এবং মোটর ইন্দ্রিয়গুলি সক্রিয় হয়। ছাত্রছাত্রী গবেষক হিসাবে কাজ করে কারণ কাজ করার মধ্যে দিয়ে শেখা ব্যবহারিক পদ্ধতিতে গুরুত্বপূর্ণ। এই পদ্ধতির মৌলিক নীতির কিছু নিম্নরূপ হয়—

করার দ্বারা শেখা—সমগ্র পদ্ধতিতে ছাত্রছাত্রী প্রধান ভূমিকা পালন করে। তাদেরকে তথ্য দেওয়া হয় যা আগ্রহ সৃষ্টি করতে পারে এবং তাদেরকে তাদের কাজে যুক্ত হতে উৎসাহিত করতে পারে। বাকিটা তাদের নিজস্ব প্রচেষ্টার মাধ্যমে আবিষ্কৃত হবে।

ছাত্রছাত্রীদের সক্রিয়তা—যেহেতু শিক্ষার্থীরা কাজ করার মাধ্যমে শিখছে, তাই স্বাভাবিকভাবে তাদের সক্রিয়তা এগিয়ে আসতে পারে, যেহেতু তারা কোনও তত্ত্ব বা নতুন আবিষ্কার বা নিষ্ক্রিয় অবস্থায় সমস্যা সমাধান করতে পারে না।

মনস্তাত্ত্বিক—এই পদ্ধতিতে শিক্ষার্থীরা তাদের আগ্রহ, চাহিদা, উদ্যোগ এবং প্রাকৃতিক কর্মশৈলী অনুযায়ী কাজ করে। তারা তাদের অতীতের অভিজ্ঞতার দ্বারা উপকৃত হতে পারে।

বৈজ্ঞানিক—শিক্ষার্থীরা প্রত্যেক ধাপে কেন প্রশ্ন উত্থাপন করে উত্তর খুঁজে পায়। তারা একটি পদ্ধতিগত ভাবে কাজ করে। এইভাবে তারা বৈজ্ঞানিক প্রস্তুতির দক্ষতা বিকাশ করে। তারা নিজেদেরকে একটি আবিষ্কারক হিসাবে বিবেচন করে নীতি, সূত্র এবং ভিত্তি পরীক্ষা করে। তারা ঘটনাগুলি চিহ্নিত করতে বিশেষ সতর্কতা, পর্যবেক্ষণ ক্ষমতা অর্জন করে।

13.8.4 পদ্ধতি প্রকল্প :

এই পদ্ধতিতে শিক্ষার্থীরা একটি নির্দিষ্ট কাজের জন্য নিজেরা সিদ্ধান্ত নেয়, তারা উদ্দেশ্য, পরিকল্পনা প্রস্তুত করে তাদের লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় সম্পদ সংগ্রহ করে। কর্মশিক্ষার বাস্তব গঠন জানতে চেষ্টা করার আগে কি কৌশল হবে, কাজ সম্পন্ন করতে কত সময় প্রয়োজন হয়—এমনই তারা স্থির করে। আমরা 'প্রকল্পে'র সংজ্ঞা আলোচনা করব—

নোট

- প্রকল্প পদ্ধতি সামাজিক পরিবেশে সম্পূর্ণ সম্পৃক্ততা সম্পন্ন একটি উদ্দেশ্যমূলক কার্যকলাপ।—কিলপ্যাট্রিক
- প্রকল্প পদ্ধতি এমন একটি সমস্যাযুক্ত প্রক্রিয়া যা প্রাকৃতিক পরিবেশে সম্পন্ন হয়।—জে.এ. স্টিভেনশন
- প্রকল্পগুলি ঐ সমন্বিত কর্মকান্ড যা কার্যকলাপের জন্য প্রাকৃতিক পরিবেশে কিছু গুরুত্বপূর্ণ দক্ষতার সাথে সম্পন্ন হয়।”

  যদিও সমস্ত বিশেষজ্ঞরা তাঁদের মতামত অনুসারে সংজ্ঞায়িত করেছেন, কিন্তু তাঁদের সবাই প্রকল্প পদ্ধতির কিছু সাধারণ পদ্ধতির দিকে ইঙ্গিত করেন।
- একটি নির্দিষ্ট উদ্দেশ্য অর্জন করার জন্য প্রতিটি প্রকল্প পদ্ধতি ব্যবহার করা হয়।
- শিক্ষার্থীদের সামাজিক, সাংস্কৃতিক জীবন তাদের ব্যক্তিগত বিকাশ, সামাজিকভাবে অনুমোদিত অভ্যাস, আচরণের উন্নয়নের দিকে লক্ষ্য রেখে উদ্দেশ্যগুলি গঠন করা হয়।
- বিভিন্ন কার্যক্রম লক্ষ্যের ভিত্তিতে সংগঠিত হয়।
- ছাত্রছাত্রীরা তাদের বাস্তব সামাজিক পরিবেশে কার্যক্রম সম্পন্ন করে।
- কাজ করার সময় তারা সামাজিকভাবে কাম্য মূল্যবোধ বিকাশ করে।
- তারা কাজ সম্পন্ন করার পরে নির্দিষ্ট যোগ্যতা এবং দক্ষতা অর্জন করে।
- কর্মশিক্ষায় শিক্ষার পদ্ধতিতে চারটি পর্যায় আছে।
- লক্ষ্য ঠিক করা।
- পরিকল্পনা করা।
- পরিকল্পনা কার্যকর করা।
- মূল্যায়ন।

যদিও মূল্যায়ন শেষ পর্যায়ে লেখা হয়, কিন্তু এটি লক্ষ্য নির্ধারণের সময় শুরু হয়। লক্ষ্য নির্ধারণের প্রক্রিয়াগুলিও মূল্যায়ন করা যেতে পারে।

13.8.5 প্রমোদভ্রমণ পদ্ধতি

শ্রেণীকক্ষের চার দেওয়ালের মধ্যে দেওয়া পুঁথিগত জ্ঞানে সমৃদ্ধ শিক্ষার্থীদের অবস্থা সেই ব্যাঙের মতো, যে কুয়োকে একযি সমুদ্র হিসাবে মনে করে। বাস্তবিকপক্ষে প্রমোদভ্রমণ শিক্ষার একটি বিস্ময়কর পদ্ধতি। কর্মশিক্ষার শিক্ষন শিখনে প্রমোদ ভ্রমণ পদ্ধতির অনেক সুবিধা আছে।

- শ্রেণীকক্ষে সেশনের ব্যবস্থা একঘেয়েমি এবং ক্লান্তি আনে। প্রমোদভ্রমণ পদ্ধতি এইদিকে ইতিবাচক পরিবর্তন আনে।
- শ্রেণীকক্ষে আলোচিত বিষয়ের বাস্তব জ্ঞান থাকা ছাত্রদের জন্য গুরুত্বপূর্ণ। এইদিকে প্রমোদ ভ্রমণ পদ্ধতি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

- ভ্রমণকালে শিক্ষার্থীদের পর্যবেক্ষণ ক্ষমতার বিকাশ ঘটে। তারা পর্যবেক্ষণ করে কাজটি বাস্তবতায় সম্পন্ন হচ্ছে।
- ভ্রমণের মাধ্যমে প্রাপ্ত জ্ঞান স্থায়ী হয় কারণ এটি শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণকে অন্তর্ভুক্ত করে।
- ভ্রমণকালে শিক্ষার্থীরা গ্রুপে কাজ করতে সুযোগ পায়।
- ভ্রমণের মাধ্যমে অন্য স্থানে কিভাবে আচরণ করতে হয় এবং জনগণের সাথে যোগাযোগ করতে হয় এ সম্পর্কে ছাত্রদের বোধশক্তির বিকাশ ঘটে।

আপনার উন্নতি যাচাই করুন—9

1. কর্মশিক্ষায় কোন্ শিক্ষন-শিখনের পদ্ধতি আপনি ব্যবহার করবেন?

2. কর্মশিক্ষার প্রত্যেক ক্ষেত্রে অষ্টশ্রেণীর জন্য দুটি কার্যক্রমের নাম লেখ। সেগুলির অভিজ্ঞতা লাভ করার জন্য যথাযথ পদ্ধতির সুপারিশ করুন।

13.9 সংকলন করা যাক :

কর্মশিক্ষার কাজের এলাকা বিশাল অথবা আমরা বলতে পারি যে সমস্ত সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক অবস্থা কর্মশিক্ষার এলাকা। বর্তমান এককের মধ্যে দিয়ে আপনি জানতে পেরেছেন কি করে কর্মশিক্ষা সক্রিয় হয়। আপনি জানেন এই কার্যক্রম সংঘটিত করার সময় কোন কাজের এলাকা প্রধান ভিত্তি হওয়া উচিত, কি করে উপকরণ এবং যন্ত্রপাতি পাওয়া যায়, কি করে সেগুলিকে পরিচালনা এবং সঞ্চয় করা হয়।

আপনি এও জানেন যে গ্রুপ গঠন করতে কি ভিত্তি হওয়া উচিত। বিভিন্ন শ্রেণীর জন্য বিভিন্ন কার্যক্রম সংগঠন করা সম্বন্ধে আপনার বোধশক্তির বিকাশ ঘটেছে।

আপনি এও জানতে পেরেছেন কি করে কর্মশিক্ষা পাঠ্যক্রমের অন্যান্য বিষয়গুলির সঙ্গে যুক্তি করা যায়।

13.10 প্রস্তাবিত পাঠ এবং রেফারেন্স :

1. National Curriculum Frame work (2005) National Council of Educational Research & Training, New Delhi.
2. Sharda Kumari (2005) Principles of Teaching Work Education, New Delhi.
3. Richards Glin (2001) Gandhi's Educational Philosophy, New Delhi, Oxford University Press.
4. Sykes Marjorie (1998(Story of New Education. 50 years of Education in Sevagram– 1937-1987, New Education committee, Sevagram, Wardha, Maharashtra.
5. Indian Government (1993) Learning without Barriers: Report of National Councill, Ministry of Human Resource Development, New Delhi.

13.11 একক অন্তে অনুশীলনী

এই এককভিত্তিক নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :-

1. কর্মশিক্ষার কার্যক্রম সুপারিশ ভিত্তিক নির্দেশনা নয়। এই সম্বন্ধে পাঁচটি পয়েন্ট উপস্থাপন করুন।
2. আপনি কর্মশিক্ষার ভারপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা। আপনি কার্যক্রমের উপকরণগুলির ব্যবস্থাপনা কিভাবে করবেন?
3. ষষ্ঠ, সপ্তম এবং অষ্টম শ্রেণীর জন্য পরিবেশ রক্ষা সম্পর্কিত যে কোন দুটি কার্যক্রমের একটি তালিকা প্রস্তুত করুন। একটি শিক্ষাবর্ষের কোন্ মাসে আপনি কার্যক্রম সংগঠিত করতে চান তা তালিকাতে উল্লেখ করুন।
4. 'ভ্রমণ' বলতে আপনি কি বোঝেন? ভ্রমণের জন্য সুবিধাজনক এমন স্থানগুলির একটি তালিকা প্রস্তুত করুন।
5. যখন আপনি শিক্ষার্থীদের ভ্রমণে নিয়ে যাবেন আপনি কোন্ গুরুত্বপূর্ণ বিষয়গুলি মনে রাখবেন?



নোট

একক 14 : কর্মশিক্ষায় দক্ষতার বিকাশ (ব্যবহারিক কাজ)

গঠন

14.0 – সূচনা

14.1 – শিক্ষার উদ্দেশ্য

14.2 – কর্মশিক্ষার কার্যক্রম নির্বাচন করার জন্য মানদন্ড এবং ভিত্তি

14.3 – কার্যক্রমের প্রদর্শন

 14.3.1 – পুতুলের দেশলাই মাথা

 14.3.2 – রবারের খেলনা

 14.3.3 – দেশলাই বাক্স গাড়ী

 14.3.4 – কার্ডবোর্ড দিয়ে মুখোশ তৈরী করা

14.4 – সংকলন

14.5 – প্রস্তাবিত পাঠ ও রেফারেন্স

14.6 – একক শেষে অনুশীলনী

14.0 সূচনা

শিক্ষার একটি অসাধারণ বৈশিষ্ট্য হল সামাজিক কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ, যাই জ্ঞান আমদানি করা হোক না কেন বা যাই বোঝার বিকাশ হোক না কেন তা বক্তৃতার ভিত্তিতে নয়, দৈনিক চাহিদার পরিপূরক ক্রিয়াকলাপের সাথে। বর্তমান এককের মধ্যে দিয়ে আপনি কর্মশিক্ষার জন্য কার্যক্রম নির্বাচনের ভিত্তি কি হবে তা জানতে পারবেন।

আপনার স্কুলের ছাত্রদের জন্য কি কি কার্যক্রম পরিচালিত করা উচিত তা বুঝতে পারবেন। আপনার স্কুলে যেসব কার্যক্রম পরিচালিত হতে পারে তাদের তালিকাও আপনাকে দেওয়া হবে। কার্যক্রম পরিচালনার জন্য কয়েকটি কৌশল এই এককে রয়েছে।

14.1 শিক্ষার উদ্দেশ্য

বর্তমান এককের মধ্যে দিয়ে আপনি সমর্থ হবেন—

1. কর্মশিক্ষার মাধ্যমে দক্ষতার বিকাশের সাথে সমঝোতার বিকাশ।
2. তাদের বিদ্যালয়ে কর্মশিক্ষায় পরিচালিত কার্যক্রমের বিস্তারিত তালিকা তৈরী করুন।
3. কার্যকলাপের নির্বাচনের জন্য ভিত্তি স্থিতি মাপ প্যারামিটার এবং মানদন্ড ব্যাখ্যা করুন।

4. বিভিন্ন কার্যক্রম সংগঠিত এবং পরিচালনা করার জন্য উপাদান, প্রক্রিয়া এবং পর্যায়গুলির সাথে পরিচিত হন।
5. কার্যক্রমের সাথে বিভিন্ন পাঠ্যক্রম বিষয়গুলির সমন্বয় সম্পর্কিত দক্ষতা অর্জন করে।
6. সংগঠন এবং বিভিন্ন কার্যক্রম প্রদর্শন।

14.2 কর্মশিক্ষার কার্যক্রম নির্বাচন করার জন্য মানদন্ড এবং ভিত্তি

যখনই আপনি আপনার বিষয়ের কার্যক্রম নির্বাচন করবেন, আপনি নিশ্চিতভাবে কিছু পয়েন্টের প্রতি মনোযোগ দেবেন—

- আপনার শ্রেণীর ছাত্রছাত্রীদের বিভিন্ন ধরণের অভিজ্ঞতা আছে।
- তাদের আগ্রহ, ক্ষমতা, সামর্থ্য এবং প্রবৃত্তি একই নয়।
- তাদের সামাজিক এবং অর্থনৈতিক ব্যাকগ্রাউন্ডও ভিন্ন প্রকার।
- তাদের জ্ঞানের ভিত্তিতে অভিজ্ঞতা এবং দক্ষতার সীমাবদ্ধতা আছে।
- আপনার পরিবেশে সম্পদের প্রাপ্যতার ও সীমাবদ্ধতা থাকবে।
- আপনার কার্যক্রম পরিকল্পনার ভিত্তিতে আরও অনেক পয়েন্ট আছে। নিচে দেওয়া কিছু পয়েন্ট আছে, যা মনোযোগ দেওয়া মূল্যবান।
- কর্মশিক্ষার উদ্দেশ্য—সর্বপ্রথম এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে কার্যক্রমগুলিতে কর্মশিক্ষার উদ্দেশ্যগুলি থাকা উচিত। কর্মশিক্ষার প্রত্যেক কার্যক্রম উদ্দেশ্যপূর্ণ এবং অর্থপূর্ণ হওয়া উচিত। এটা প্রয়োজন নয় যে একটি কার্যক্রম সমস্ত উদ্দেশ্য পূরণ করবে।
- শিশুদের পশ্চাদপট—কর্মশিক্ষার কার্যক্রম নির্বাচনের সময় এটি আবশ্যিক যে সমস্ত ছাত্রছাত্রী বিভিন্ন কার্যক্রমে অংশ গ্রহণ করবে, তাদের সামাজিক, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক পরিবেশ সম্বন্ধে আমাদের প্রয়োজনীয় তথ্য এবং বোধশক্তি থাকা উচিত।
- শিক্ষার্থীদের স্তর, আগ্রহ এবং প্রয়োজন—কার্যক্রমের নির্বাচন এবং শিশুদের, শারীরিক, মানসিক বিকাশ একে অন্যের সঙ্গে গাঢ় সম্পর্ক আছে।

  শারীরিক এবং বৌদ্ধিক সামর্থ্যের সঙ্গে শিশুদের প্রয়োজন এবং আগ্রহ সমভাবে তাৎপর্যপূর্ণ। যদি শিশুরা উদ্যান কার্যক্রমে তীব্র আগ্রহ দেখায় তারা উদ্যান সম্পর্কিত কার্যক্রম গ্রহণ করতে পারে। এটা বহু-উদ্দেশ্যপূর্ণ।
- সময় এবং জায়গার প্রাপ্যতা—প্রত্যেক প্রকার কার্যক্রমের জন্য কিছু সময় এবং উপযুক্ত জায়গা দরকার। সময়ের প্রয়োজন দুটি কোণ থেকে অনুভূত হতে পারে।

  প্রথম—একটি নির্দ্দিষ্ট কার্যক্রমের জন্য কত সময় প্রয়োজন।

নোট

দ্বিতীয়—কখন একটি নির্দ্দিষ্ট কার্যক্রম পরিচালনা করা উচিত।

আপনি সহজেই দুটি পয়েন্ট চিন্তা করতে পারেন। আপনার অভিজ্ঞতার ভিত্তিতে একটি নির্দ্দিষ্ট কার্যক্রমের জন্য কত সময় প্রয়োজন তা স্থির করতে আপনি সমর্থ হবেন। এখানে কার্যক্রমের প্রকৃতির সঙ্গে শিক্ষার্থীর সংখ্যাও তাৎপর্যপূর্ণ।

উদাহরণস্বরূপ লাল গেরুয়া রঙ দিয়ে আপনি পাত্র রঙ করার কার্যক্রমের জন্য এক ঘন্টা সময় ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছেন, এটা জানা আবশ্যিক পাত্রের সংখ্যা, কতজন ছাত্রছাত্রী, কতগুলি পেন্টিং ব্রাশ এবং উপকরণ এবং লাল গেরুয়া রঙ ভেজানোর প্রস্তুতি ও এর সাথে যুক্ত করতে হবে অথবা আলাদা সময় এর জন্য নির্দ্দিষ্ট রাখতে হবে। একজন ছাত্র একটি পাত্র রঙ করবে অথবা এটি একটি গ্রুপ করবে। এই সমস্ত পয়েন্ট একটি নির্দ্দিষ্ট কার্যক্রমের জন্য সময় নির্বাচনের ভিত্তি দেয়।

নিম্নে প্রশ্নের আকারে দেওয়া কিছু পয়েন্ট সম্বন্ধে আপনি চিন্তা করতে পারেন।

- নির্বাচিত স্থান শিশুদের শারীরিক, মানসিক এবং আবেগজনিত নিরাপত্তা দেওয়ার অবস্থায় আছে।
- ব্যক্তিগত এবং গ্রুপ কার্যক্রমের জন্য বসার এবং নড়াচড়া করার সুবিধা সেখানে আছে।
- কার্যক্রমের জন্য প্রয়োজনীয় উপকরণ নিরাপদে রাখা যায় কি না।
- আপনি সহজেই কার্যকলাপ মনিটর করতে পারেন কি না এবং সমস্ত ছাত্র প্রদর্শন পর্যবেক্ষণ করতে সমর্থ কি না।
- সম্পদের প্রাপ্যতা যদি শিক্ষক/শিক্ষিকা তাঁর ছাত্রছাত্রীদের দিয়ে কিছু কাজ করতে চান, যেহেতু শিক্ষক/শিক্ষিকা শাঁখ নিয়ে কাজ করে সৃষ্টিশীলতা এবং সৌন্দর্যবোধের বিকাশ ঘটিয়েছেন। শিক্ষক/শিক্ষিকা তাঁর ছাত্রছাত্রীদের বিভিন্ন আকারের এবং সাইজের শাঁখ আনতে বলেছেন। আপনি ভালোভাবে কল্পনা করতে পারেন পরের দিনের দৃশ্য। 40 জনের মধ্যে বড়জোর 3 জন শাঁখ বনেছে।

  শিক্ষক/শিক্ষিকা হতাশ হলেন এবং তাদেরকে আরও দুদিন সময় দিলেন। দুদিন পর পরিস্থিতি একই। তাঁর মতে—

— কেন শিক্ষার্থীরা এই রকম একটি বিস্ময়কর কাজ করতে চায় না?

— কেন অভিভাবকগণ উপকরণটি সংগ্রহে সাহায্য করছেন না?

আশা করা যায় আপনি এইরকম চিন্তা করে না। আপনি ঠিকই ধরেছেন। স্থানীয় পরিবেশের বাইরে উপকরণটিকে কিভাবে নির্বাচন করা যায়? শাঁখ সংগ্রহ আশা করা যায় সেই সমস্ত শিশুদের কাছ থেকে যারা নদীর তট বা সমুদ্রতটের অবস্থিত শহরে বাস করে। কিন্তু প্রত্যেক

নোট

এলাকার শিশুরা প্রত্যেক উপকরণ আনবে এটা আশা করা যায় না। নিশ্চিতভাবে শাঁখ কিনতে পারা যায়, কিন্তু প্রত্যেক শিশু এটা কিনতে পারে না। দ্বিতীয় পয়েন্ট এই যে, কার্যক্রমের উদ্দেশ্য লাভ করা যায় বাজার থেকে কেনা উপকরণ কেবলমাত্র ব্যবহার করে।

আপনার উন্নতি যাচাই করুন

1. কর্মশিক্ষার কার্যক্রম নির্বাচন করার সময় কোন পয়েন্টগুলি আপনি মনে রাখবেন?

2. পার্বত্য অঞ্চলের একটি মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর জন্য দুটি কার্যক্রমের সুপারিশ করুন। এই কার্যক্রমের নির্বাচনের ভিত্তিও লিখুন।

14.3 কার্যক্রমের প্রদর্শন

কার্যক্রম সংগঠনের জন্য আপনি বিভিন্ন কৌশল, পদ্ধতি এবং উপকরণ ব্যবহার করবেন। স্থান এবং ব্যক্তির অভিজ্ঞতার ভিত্তিতে যদি কার্যক্রম পরিচালনার পদ্ধতি ভিন্ন হবে। বর্তমান এককে কিছু কার্যক্রমের সুপারিশ করা হল।

14.3.1 দেশলাই বাক্সের মাথাবিশিষ্ট পুতুল

প্রত্যাশিত শিক্ষার ফলাফল—

- পুরাতন জিনিসের উদ্ভাবনী ব্যবহার শিখবে।
- হাত এবং চোখের সমন্বয় প্রতিষ্ঠা কর।
- রঙ দিয়ে কাগজের উপর তাদেরকে বিভিন্ন মুখ অঙ্কন করাবে।
- নূতন শব্দ ব্যবহার করে একটি গল্প বলা।
- কাজটি নাটকীয় করে তুলবে।

উপকরণ এবং যন্ত্রপাতি

— পুরাতন (ব্যবহৃত) খবরের কাগজ।

— মোটা সুতো বা পাটের দড়ি।

— দেশলাই বাক্সের বাইরের অংশ।

— ঝাঁটার কাঠি।

— হার্ড বোর্ডের উপর রঙিন মুখ।

— ফেভিকল।

কেমনভাবে করা যায়—

- কেন্দ্রীয় বিন্দুর উপরে দূরত্ব অনুযায়ী ঝাঁটার কাঠি মাঝখানে পেষ্ট করুন। কাঠির দুই তৃতীয় অংশ কেসের বাইরে থাকা উচিত। পরে পুতুলের দেহ এইখানে পেষ্ট করা হবে।
- দেশলাই বাক্সের উপর কার্ডবোর্ড মুখ পেষ্ট করুন।
- খবরের কাগজ থেকে 7 থেকে 12 সেমি চওড়া টুকরো কাটুন।
- কাগজের একটি টুকরো একটি পেনসিলের উপরে গোল করুন।
- ফেবিকল দিয়ে টুকরোর শেষ স্তরটি পেষ্ট করুন। পেনসিলে চাপ দিন এবং টুকরোর বাইরে আনুন।
- খবরের কাগজ থেকে এইরকম 9টি টিউপ করুন।
- হাত তৈরি করার জন্য দুটি টিউব থেকে গ্রেদ্ধবিদ্ধ করুন। কব্জির পাশে একটি গিঁট দিন।
- ঝাঁটার একটি সুঁই দিয়ে ঘাড়ের মধ্য অংশে গিঁট দিন। আরও দুটি থেকে গ্রেদবিদ্ধ করে অপর একটি হাত তৈরী করুন।
- অন্য কব্জির জন্য একটি গিঁট দিন।
- একইভাবে পা তৈরী করুন। শরীরের মধ্যে দিয়ে পা থেকে ঘাড় পর্যন্ত সুতো দিয়ে বাঁধুন (যদি আপনি একটি পাপেট তৈরী করতে চান যে একটি ছড়ি দিয়ে কাজ করতে, লম্বা এবং শক্ত একটি ছড়ি ব্যবহার করুন।

— আপনি পাপেটের জন্য কাপড়ের টুকরো এবং রঙিন কাগজের টুকরো দিয়ে পোষাক তৈরী করতে পারেন।

14.3.2 রবারের খেলনা

প্রত্যাশিত শিক্ষার ফলাফল

- বর্জ্য পদার্থ থেকে খেলনা তৈরী করার তীব্র ইচ্ছার বিকাশ।
- দৈর্ঘ্য এবং প্রস্থ সম্বন্ধে জ্ঞান লাভ করবে।

- বিভিন্ন আকার তৈরী করতে শিখবে।
- তাদের আগ্রহের অনুসারে নতুন খেলার কল্পনা করতে সক্ষম হবে।

উপকরণ এবং যন্ত্রপাতি

— একটি পুরাতন রবারের স্লিপার।

— একটি কম্পাস।

— বলপেনের ব্যবহৃত একটি রিফিল।

— পাতলা বাঁশের ছড়ি।

— পাতলা শক্ত সুতো।

— মোটা সুতো।

— ব্যবহৃত দেশলাই কাঠি।

— ছুরি

— রবার কাটার জন্য একগাদা পুরাতন খবরের কাগজ (ছুরির ব্লেডটি রবার কাটার সময় ভোঁতা হয়ে যাবে না।)

কেমন করে তৈরী করা হবে

- রবারের একটি স্লিপার (যা ব্যবহারযোগ্য নয়) থেকে 5 সেমি চওড়া টুকরো কাটুন।
- এই টুকরো থেকে ভি-আকারের টুকরো কাটুন। (যতগুলি সম্ভব)।
- কম্পাসের সাহায্যে ভি-আকারের টুকরোর উভয় অংশে একটি গর্ত তৈরী করুন। গর্তটি সামান্য তির্যক এবং টুকরোর ভিতরের দিকে হওয়া উচিত যেমন ছবিতে দেখান হয়েছে।
- রিফিলটি দু-টুকরো করে কাটুন। ভি-আকারের টুকরোর গর্তের মধ্যে এই রিফিলের টুকরোগুলি রাখুন।
- 125 সেমি দু-টুকরো পাতলা এবং শক্ত সুতো নিন। প্রত্যেকটির এক প্রান্ত বাঁশের ছড়ির সঙ্গে শক্ত করে বাঁধুন। বাঁশের মাঝখানে লম্বালম্বিভাবে কাটুন। মোটা সুতোর একটি ফাঁস এই কাটার মধ্যে গিঁট দিন।
- রিফিলের মধ্যে দিয়ে সুতোর অপর প্রান্ত বের করে আনুন। ছবিতে যেমন দেখান হয়েছে সেইরকম একটি দেশলাই কাঠি প্রত্যেক অংশে বাঁধুন।
- একটি পেরেক দিয়ে রিংটি মাঝে ঝুলিয়ে দিন।
- এখন দেশলাই কাঠিযি প্রত্যেক হাত দিয়ে ধরুন, হালকা করে টানুন যাতে সুতোতে

হালকা টান পড়ে। এখন সুতোটি ডানদিকে এবং বামদিকে টানুন এবং ছেড়ে দিন একের একটি। এখন আপনি দেখতে পাবেন যে ভি-আকারের রবারটি উপরে উঠছে এবং যখন দড়িটি আগলা করা হয় তখন স্লিপ করে নিচে পড়বে। পদ্ধতিটি পুনরায় করুন।

বিঃ দ্রঃ - এখন আপনি ভি-আকারের রবারের উপর একটি প্রজাপতি অথবা মৌমাছির ছবি সেঁটে দিতে পারেন। কাঠির মাঝখানে একটি ফুল ঝুলিয়ে দিতে পারেন অথবা আপনি ব্যাঙ এবং মৌমাছি অথবা টিকটিকি এবং মথের ছবি এঁটে দিতে পারেন। যখন তারা উপর এবং নিচে উঠবে এবং নামবে তখন মনে হবে যেন তারা একে অন্যকে ধাওয়া করছে।

14.3.3 দেশলাই কাঠির গাড়ি

প্রত্যাশিত শিক্ষার ফলাফল—

- বর্জ্য পদার্থ থেকে কেমন করে খেলনা তৈরী করতে হয় তা শিখতে সমর্থ হবে।
- কাঠি দিয়ে বিভিন্ন আকার কাটতে সক্ষম হবে।
- দলবদ্ধ হয়ে কাজ করতে শিখবে।
- যোগাযোগের মাধ্যমের উপর আলোচনা করতে শিখবে।
- সংগঠিত উপায়ে দ্রব্যাদি রাখতে শিখবে।

উপকরণ ও যন্ত্রপাতি—

- ব্যবহৃত দেশলাই বাক্স।
- এক জোড়া কাঁচি।
- রঙিন কাগজের টুকরো।

ছোট গাড়ি — একটি খালি দেশলাই বাক্স এবং ব্যবহৃত দেশলাই কাঠি আড়াই বাক্স।

বড় গাড়ি — দেশলাই বাক্সের দুটি ড্রয়ার এবং দু-বাক্স দেশলাই কাঠি।

জিপ — দেশলাই বাক্সের একটি ড্রয়ার এবং এক বাক্স দেশলাই কাঠি।

সবকটির জন্য—

- চাকার জন্য কার্ড সিট
- জানালার পর্দার জন্য পাতলা কাগজের সিট।

কেমন করে তৈরী করা হবে—

— একটি খালি দেশলাই বাক্স নিন। বাক্সের খালি দিকে একটি পাতলা কাগজের সিট পেষ্ট করুন। এটা জানালার পর্দা হিসাবে কাজ করবে।

নোট

— রঙিন কাগজ দেশলাই বাক্সের উপরে। নিচে এবং পাশে পেষ্ট করুন।

— একটি খালি দেশলাই বাক্স দিয়ে এর ড্রয়ারের $^1/_3$ অংশ খুলুন। এখন এটাকে বিপরীত দিক থেকে পেষ্ট করুন যাতে ড্রয়ার ওর জায়গা থেকে না নড়ে।

— একই রঙিন কাগজ এর উপরেও পেষ্ট করুন।

— এখন ছবিতে যেমন দেখানো হয়েছে সেইভাবে সমস্ত দেশলাই বাক্সের উপর পেষ্ট করুন।

— কার্ড শিট থেকে গোল করে চাকাগুলি কাটুন। এর উপরে চাকাগুলি পেষ্ট করুন। আপনি একটি নেম প্লেট এর উপর পেষ্ট করে দিতে পারেন। আপনি লাল বোতাম হেডলাইট হিসাবে ব্যবহার করতে পারেন।

ট্রাক—

— দুটি খালি দেশলাই বাক্স নিন এবং ছবিতে যেমন দেখানো হয়েছে সেখানে কাটুন। ধার যেমন আছে তেমনি রেখে দিন।

— কাটা জায়গায় ড্রয়ার লাগান ছবির মতো করে। এই ইঞ্জিন এবং ট্রাকের গঠন তৈরী করবে।

— ড্রাইভারের কেবিন তৈরী করার জন্য আর একটি ফাঁপা বাক্স ইঞ্জিনের পাশে পেষ্ট করুন। ফাঁপা বাক্সের সামনের দিক কেটে ড্রাইভারের কেবিনের জানালা তৈরী করুন। এখন বাক্সের অতিরিক্ত প্রসারকারী দিক তলা থেকে কাটুন।

— সমগ্র মডেলের উপর রঙিন কাগজের স্ট্রিপগুলি পেষ্ট করুন।

পুরাতন মোজা দিয়ে পাপেট বা পুতুল তৈরী করুন।

প্রত্যাশিত শিক্ষার ফলাফল—

- পুতুলের পোষাক তৈরী করতে পুরাতন কাপড় ব্যবহারযোগ্য এটা সনাক্ত করতে সমর্থ হবে।
- পুতুল মাপতে সক্ষম হবে।
- আয়তন এবং মাপ অনুযায়ী কাপড় কাটতে সমর্থ হবে।
- পুতুলের সম্বন্ধে গল্প কল্পনা করতে পারবে।

উপকরণ এবং যন্ত্রপাতি—

- পুরাতন নাইলনের মোজা।
- উল অথবা তুলো।

- কাটিং (বড় বা ছোট)
- সাজান উপকরণ যেমন তারকা, মুক্তো, জপমালা ইত্যাদি।
- ফেবিকল।
- সূঁচ, সুতো, কাঁচিগুলি।
- রবারের ব্যান্ড।
- স্কেচ পেন।

কেমন করে তৈরী করবেন

- এক জোড়া মোজা নিন।
- উপরের অংশ ছাড়া এর মধ্যে তুলো ভরে দিন।
- উপরের অংশ একটি রবার ব্যান্ড দিয়ে এঁটে দিন।
- গোড়ালির উপর একটি রাবার ব্যান্ড রাখার পর আর একটি রবার ব্যান্ড রাখুন কিছু জায়গা রেখে।
- আপনি মোজাটিকে তিন অংশে ভাগ করেছেন।
- এখন চোখ, নাক, ঠোঁট ইত্যাদি মোজার উপরের অংশে পেষ্ট করুন বা জুড়ে দিন।
- লেনগা, জামা, সালোয়ার বা অধানী দিয়ে এর পোষাক পরান।
- বিনতি দিয়ে একে সাজান।

স্ব-মূল্যায়ন

1. আপনার পুতুল উত্তর প্রদেশের পুতুলের মতো দেখতে হওয়ার জন্য আপনি কোন্ পোষাক নির্বাচন করবেন।
2. একটি পুতুল মাপার সময় অর্ডার কি হবে?
3. একটি গল্প সৃষ্টি করুন।

14.3.4 কার্ড বোর্ড দিয়ে মুখোশ তৈরী করুন।

প্রত্যাশিত শিক্ষার উদ্দেশ্য

- পদ্ধতিতে ব্যবহৃত উপযুক্ত জিনিসপত্র চিনতে সক্ষম হবে।
- গল্প বলা এবং কবিতা আবৃত্তি করার সময় মুখোশের ব্যবহার জানতে সমর্থ হবে।
- চোখ, নাকের 3D দৃশ্য বুঝতে সক্ষম হবে।

উপকরণ এবং যন্ত্রপাতি—

- কার্ড বোর্ড শিট।
- ফেবিকল।
- এক জোড়া কাঁচি।
- পোস্টার, রঙ, ব্রাশ।

কেমন করে তৈরী করা হবে—

— একটি কার্ডবোর্ডের্র শিট নিন। একটি বড় প্লেটের সাহায্য নিয়ে এর উপর একটি বৃত্ত অঙ্কন করুন। বৃত্তটি কাঁচির সাহায্যে কাটুন।

— আপনার পছন্দের একটি রঙ দিয়ে এটিকে পেন্ট করুন।

— বাকি কার্ড বোর্ড থেকে চোখ, নাক, কান এবং ঠোঁট করার জন্য আলাদা টুকরো কাটুন।

— যদি আপনাকে বিড়ালের মুখোশ করতে হয়।

— কানের আকারে শিট কাটুন। নাকটি কাটুন ত্রিভুজ আকৃতির, চোখ গোলাকার এবং ছোট ছোট কাটাগুলি লোমের জন্য।

— আপনার পছন্দ মতো সেগুলিকে রঙ করুন।

— ফেবিকল দিয়ে সমস্ত অংশগুলি মুখোশের উপরে ঠিক ঠিক ভাবে পেষ্ট করুন।

— আপনি চোখ, নাক, কান ইত্যাদির পরিবর্তন আনতে পারেন জোকারের বা অন্য কোন মুখোশ করবার জন্য। উদাহরণস্বরূপ ছোট চোখ, লম্বা কান, পুরু বাঁকানো, মজাদার ঠোঁট।

বিঃ দ্রঃ—

- চোখের জন্য 'টিপ বা বিন্দি' ব্যবহার করা যায়।
- দাঁতের মাজনের ছিপি নাকের জন্য ব্যবহার করা যায়।
- পাট চুলের জন্য ব্যবহার করা যায়।
- আইসক্রিমের কাঠি ঠোঁটের জন্য ব্যবহার করা যায়।
- পোস্টার রঙ না পাওয়া গেলে, রঙিন কাগজ পেষ্ট করা যেতে পারে।
- আপনি কি করবেন যদি একটি বিন্দি আর একটি থেকে ছোট কাটা হয়?
- নাক, কান এবং চোখ পেষ্ট করার সময় আপনি কি সতর্কতা মনে রাখবেন?

নোট

স্ব-মূল্যায়ন

আপনার উন্নতি যাচাই করুন—

1. তুলোর কারপেট, পাওয়া উপকরণ ব্যবহার করে ডুরি তৈরী পদ্ধতির বিভিন্ন পর্যায়গুলি লিখুন।

----

2. একটি কার্যক্রম প্রদর্শন করার প্রাক্কালে কোন্ কোন্ পয়েন্ট মনে রাখা উচিত? যে কোন পাঁচ পয়েন্টের সুপারিশ করুন।

14.4 সংকলন করা যাক

বর্তমান এককের মধ্যে দিয়ে আপনি জেনে এসেছেন আপনার বিদ্যালয়ের প্রয়োজনের কথা মনে রেখে কি করে কর্মশিক্ষাকে কার্যকরী করবেন। আপনি একটি কার্যক্রম নির্বাচনের ভিত্তি পয়েন্টগুলির বোধশক্তির উন্নতি ঘটিয়েছেন—উদাহরণস্বরূপ ছাত্রছাত্রীদের আগ্রহ, শারীরিক, মানসিক সামর্থ্য, সম্পদের প্রাপ্তি, সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক পশ্চাৎপদ, সহপাঠীদের মনোভাব, পিতামাতার মনোভাব এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ আপনার নিজের মনোভাব।

এইভাবে আপনি জানেন যে কর্মশিক্ষা সুপারিশভিত্তিক, সেগুলির সুপারিশ করা যেতে পারে, কিন্তু কখনও যেকোন বিদ্যালয় বা প্রতিষ্ঠানের জন্য নির্দেশিত হতে পারে না।

আপনি লক্ষ্য করেছেন যে একটি উদ্দেশ্যের বিকাশের জন্য কি ধরণের উপকরণ প্রয়োজন এবং এর নির্মাণের জন্য কোন্ কোন্ পর্যায় আছে।

14.5 পাঠের সুপারিশ ও রেফারেন্স

1. National Curriculum Frame work (2005) National Council of Educational Research & Training, New Delhi.
2. Sharda Kumari (2005) Principles of Teaching Work Education, New Delhi.
3. Richards Glin (2001) Gandhi's Educational Philosophy, New Delhi, Oxford University Press.

4. Sykes Marjorie (1998(Story of New Education. 50 years of Education in Sevagram– 1937-1987, New Education committee, Sevagram, Wardha, Maharashtra.

5. Indian Government (1993) Learning without Barriers: Report of National Councill, Ministry of Human Resource Development, New Delhi.

14.6 একক অন্তে অনুশীলনী

- পুরাতন কাপড়, মোজা এবং তুলো ইত্যাদির সাহায্যে একটি পাপেট তৈরীর কার্যক্রম প্রদর্শন করুন।
- মধ্যবিত্ত পরিবারের একটি 12 বছর বয়স্কা মেয়ের জন্য সুষম খাবারের চার্ট প্রস্তুত করুন।
- স্কোয়াশ তৈরীর উপকরণ এবং পদ্ধতি লিখুন।

একক 15 : বিদ্যালয় এবং সম্প্রদায়ের মধ্যে কর্মশিক্ষা

নোট

গঠন

15.0 – সূচনা

15.1 – শিক্ষার উদ্দেশ্য

15.2 – কর্মশিক্ষার প্রসঙ্গে সম্প্রদায়ের ভূমিকা

15.3 – কর্মশিক্ষার বাস্তবায়নের জন্য কমিউনিটি সম্পদ সনাক্তকরণ এবং ব্যবহার

 15.3.1 – শিক্ষণ শিখন পদ্ধতিতে সম্প্রদায়ের সহযোগিতা

 15.3.2 – বিদ্যালয় এবং শিক্ষার্থীদের মূল্যায়ন প্রক্রিয়ার মধ্যে সম্প্রদায়ের সহযোগিতা

15.4 – কর্মশিক্ষার গুরুত্ব সম্পর্কে অভিভাবকদের এবং সম্প্রদায়ের অভিমুখীকরণ।

15.5 – সংকলন

15.6 – পাঠের সুপারিশ ও রেফারেন্স

15.7 – একক শেষে অনুশীলনী

15.0 সূচনা

আপনি কি কখনো উক্তিটির প্রতি মনোযোগ দিয়েছেন। "কার্যকর শিক্ষা কেবল বিদ্যালয়, পরিবার ও সমাজের ত্রিমাত্রিক দায়িত্বের দ্বারা সম্ভব।" এই পয়েন্টটি একটি গুরুত্বপূর্ণ সত্যের দিকে নির্দেশ করে যে শিশুর শিক্ষার সমস্ত দায়িত্ব বিদ্যালয়ের নয়। কিন্তু সম্প্রদায়ের অংশগ্রহণ আবশ্যিক। বর্তমান এককের মধ্যে দিয়ে আপনি জানতে পারবেন সম্প্রদায় দ্বারা আমরা কি বোঝাতে চাই।

কিভাবে বিদ্যালয় উভয় অবস্থার মধ্যে সম্প্রদায়ের সহযোগিতার আমন্ত্রণ জানায় বিশেষ সুবিধাপ্রাপ্ত হয়ে এবং বিশেষ সুবিধাপ্রাপ্ত না হয়ে। কর্মশিক্ষায় বিদ্যালয়ের কিভাবে এবং কেন সম্প্রদায়ের সহযোগিতা নেওয়া উচিত। আপনি জানবেন যে কিভাবে পিতামাতাদের কর্মশিক্ষার তাৎপর্য বিবেচনা করা উচিত। আপনি জানবেন কীভাবে বাবা-মায়েদের কর্মশিক্ষার গুরুত্বের সাথে পরিচয় করিয়ে দেওয়া উচিত এবং বিদ্যালয় শিক্ষা ব্যবস্থায় পিতামাতারা/অভিভাবকদের কর্মশিক্ষার বিষয়ে প্রত্যাশা কি।

15.1 শিক্ষার উদ্দেশ্য

বর্তমান এককের শিক্ষার উদ্দেশ্যগুলি নিম্নে দেওয়া হলো—

— সম্প্রদায়ের ধারণা তাদেরকে বোঝাবে।

নোট

— সম্প্রদায়ের সহযোগিতার গুরুত্ব ব্যাখ্যা করবে।
— সম্প্রদায়ের থেকে প্রাপ্য সম্পদকে সনাক্ত করবে।
— সম্প্রদায়ের সম্পদ আহ্বান কৌশল অন্বেষন।
— কর্মশিক্ষার তাৎপর্য সম্পর্কে পিতামাতার পরিচিতির জন্য পদ্ধতি পরিচয় করিয়ে দেওয়া।

15.2 কর্মশিক্ষার প্রসঙ্গে সম্প্রদায়ের ভূমিকা

বিদ্যালয়ের কর্মশিক্ষা জন্য সম্প্রদায়ের থেকে সহযোগিতা গ্রহণ করার আগে একজনের সম্প্রদায়ের অনুমান সম্পর্কে চিন্তা করার আছে।

সম্প্রদায় একটি নির্দিষ্ট জায়গায় বসবাসকারী মানুষের একটি দল এবং যা সমানভাবে উপলব্ধ উৎস থেকে তার প্রয়োজনীয়তা পূরণ করে এবং পরস্পর নির্ভরশীল।

পৃথিবীর যেকোন গোষ্ঠীবদ্ধ মানুষকে বলে সম্প্রদায়। প্রত্যেকটি উদাহরণের সঙ্গে সম্প্রদায়ের ধারণার পরিবর্তন হয়। তবুও আমরা জানি যে নিম্নলিখিত শর্ত সম্প্রদায়ের ধারণায় জড়িত হয়।

— যেমন বিভিন্ন কোষের সমন্বয়ে জীব গঠিত হয় ঠিক সেইভাবে বহুবিধ মানুষের সঙ্গবদ্ধতায় সম্প্রদায় গঠিত হয়।
— জ্ঞাতসারে/অজ্ঞাতসারে সমস্ত মানুষ সাধারণ উদ্দেশ্য সাথে যুক্ত।
